৪. অন্তর্ভুক্ত মৌল	গ্রুপ-IA, IIA এবং He	IIIA, IVA, VA, VIA, VIIA এবং O গ্রুপ He ব্যতীত	B উপশ্রেণির এবং গ্রুপ-VIII	ল্যান্থানাইড এবং অ্যাকটিনাইড সিরিজ

Step 2 মৌলসমূহের গ্রুপভিত্তিক ধর্মাবলি

S	P						d	f
14টি	36টি						41টি	27টি
	রাসায়নিক ধর্ম						$(n-1)d^{1-10}ns^{1-2}$	$(n-2)f^{1-14}(n-1)d^{1-7}ns^2$

বৈশিষ্ট্য	রাসায়নিক ধর্ম	বৈশিষ্ট্য	13^{th} Grp	14^{th} Grp	15^{th} Grp	16^{th} Grp	17^{th} Grp	18^{th} Grp	বৈশিষ্ট্য	ব্যতিক্রম	
১. ক্ষার ধাতু- ৬টি। (Li, Na, K, Rb, Cs, Fr) মৃৎক্ষার ধাতু- ৬টি। (Be, Mg, Ca, Sr, Ba, Ra)	১. কার্বাইড গঠন/ ইথাইন গঠন : Ex : Mg + $2C \xrightarrow{\Delta} MgC_2$ $MgC_2 + 2H_2O \rightarrow Mg(OH)_2 +$ $CH{\equiv}CH$	১. ধাতু ১২টি, অধাতু ১৮টি, অপধাতু ৬টি	১. Cl^-, N^{3-}, O^{2-} গঠন	১. SnO_2, PbO, Pb_2O উভধর্মী।	১. নিকটোজেন গ্রুপ। → শ্বাসরোধী Gas	১. চ্যালকোজেন Grp/ আকরিক উৎপাদনকারী।	১. হ্যালোজেন	১. কেবল Xe বিক্রিয়া করে। XeF_2, XeF_4, XeF_6, XeO_2, XeO_4	১. সব মৌলই ভারী। অবস্থান্তর মৌল জটিল আয়ন গঠন করে।	অবস্থান্তর মৌল : i.প্রভাবক রূপে use ii. পরিবর্তনশীল জারণ সংখ্যা iii. রঙিন আয়ন iv. জটিল আয়ন v. প্যারাচৌম্বকীয়	১. বিরল মৃত্তিকা মৌল। (Rare earth metals)
২. নরম ও নমনীয় ছুরি দিয়ে কাঁটা যায়। → Na	২. আর্দ্র বিশ্লেষণ : $Na + H_2O \rightarrow NaOH +$ $H_2(g)$	২. পর্যায়বৃত্ত ধর্মের Group ও row অনুযায়ী change	২. $AlCl_3$ ডাইমার গঠন। 79° ও 118° কোণ।	২. $C + H_2O \xrightarrow[\Delta]{1300^\circ}$ $[Co + H_2]$ water gas	২. Grp-18 এর পর N_2 সবচেয়ে স্থিতিশীল। নিষ্ক্রিয় মাধ্যম হিসেবে use।	২.এদের হাইড্রাইডদের মধ্যে কেবল H_2O হলো তরল।	২. F ফিকে হলুদ, Cl সবুজাভ হলুদ, Br লাল বর্ণের তরল।	২. Grp-18 এর He oxygen cylinder এর 80%	২. এদের মধ্যে Cu এর ঘনত্ব সবচেয়ে বেশি- $8.9g/cm^3$ ও Sc এর সবচেয়ে কম- $3.4g/cm^3$	প্যারাম্যাগনেটিক: Ti^{3+}, V^{3+}, Cr^{3+}, Mn^{2+}, Fe^{3+}, Ni^{2+} ইত্যাদি	২. এরা ভারি ও তেজস্ক্রিয়।
৩. তীব্র বিজারক।	৩. নাইট্রাইড গঠন/ NH_3 গঠন : $Mg + N_2 \xrightarrow{\Delta} Mg_3N_2$ $Mg_3N_2 + H_2O \rightarrow 3Mg(OH)_2 +$ $NH_3(g)$	৩. পরিবর্তনশীল জারণ মান।	৩. 180°C এ Al_2Cl_6 ভেঙ্গে $AlCl_3$। এটি হলো উর্ধ্বপাতন।	৩. Si এর গলনাঙ্ক 1610°C ও স্ফুটনাঙ্ক 2230°C এবং চতুস্তলকীয়	৩. NO ও N_2O → neutral N_2O_3, NO_2, N_2O_5 → aidic		৩. আন্তঃ হ্যালোজেন → IF_5, IF_7	৩. Grp-18 এর উড়ন্ত বিমানে Ne use	৩. উচ্চ গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক	ফেরোম্যাগনেটিক: প্যারাম্যাগনেটিক এর চূড়ান্ত পর্যায়। Fe, Co, Ni	৩. La, Ac, Th, 'f' Block এর নয়। তাই সংখ্যা 27টি।
৪. বর্ণহীন; ব্যতিক্রম $K_2Cr_2O_7$ ও K_2MnO_4			৪. $AlCl_3$ উভধর্মী।	৪. $SiCl_4$ এর আদ্র বিশ্লেষণ হয়। কারণ Si এ ফাঁকা d orbital থাকে। $Si(OH)_4$ → সিলিসিক acid	৪. P_2O_5 একটি acid anhydride		৪. HF এর স্ফুটনাঙ্ক 19.5°C	৪. Kr-Xe ফটোগ্রাফিতে - flash Bulb-এ use	৪. তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী।	ডায়াম্যাগনেটিক : Grp-1 ও 2, Sc^{3+}, Ti^{4+}, Cu^{1+}, Zn^{2+}	৪. এরা অন্তঃ অবস্থান্তর মৌল গঠন করে। $(n-2)f^{1-13}nd^{1-2}$ & ns^{1-2} Ex : Ce(58)

Academic to Admission all types of GK collection

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

৫. ডায়াম্যাগনেটিক বিজোড় e^- নেই					৫. PI_5 হয় না কারণ I এর আকার বড়। PI_3হয়।			৫. Rn-226 radioactive, cancer কোষ ধ্বংসে use	৫. চৌম্বকধর্ম প্রদর্শন।	$[Cu(NH_3)_4]^{2+}$ এর সংকরণ- dsp^2 La, Ac, Th হলো d Block's element	৫. সানগ্লাস ও welding কাজে used এবং UV থেকে protect করে।
৬. Be ও Mg ব্যতীত অন্যসব মৌল শিখা বর্ণালি দেয়। কারণ Be ও Mg আকারে ছোট। তাই e^- উত্তেজিত হয় না।									৬. সংকর ধাতু তৈরি করে।		

s ব্লক মৌল

১১ s ব্লক মৌল:

ক্ষারধাতু : গ্রুপ-I এর ধাতুগুলো পানিসহ বিক্রিয়ায় ক্ষার তৈরি করে বলে, এদেরকে ক্ষার ধাতু বলে।

মৃৎ ক্ষারধাতু : গ্রুপ-II এর ধাতুগুলো ক্ষার তৈরি করে এবং এদের যৌগ মাটির উপাদান বলে এরূপ নামকরণ হয়েছে।

- ক্যাটায়নের আকার বৃদ্ধির ক্রম:
  $Be^{2+} < Mg^{2+} < Ca^{2+} < Sr^{2+} < Ba^{2+}$
- পোলারায়ন ক্ষমতা হ্রাস ক্রম:
  $Be^{2+} > Mg^{2+} > Ca^{2+} > Sr^{2+} > Ba^{2+}$
- সালফেটের দ্রাব্যতা হ্রাস ক্রম:
  $BeSO_4 > MgSO_4 > CaSO_4 > SrSO_4 > BaSO_4$
- হাইড্রোক্সাইডের দ্রাব্যতা বৃদ্ধির ক্রম:
  $Be(OH)_2 < Mg(OH)_2 < Ca(OH)_2 < Sr(OH)_2 < Ba(OH)_2$
- কার্বনেটের তাপসহনশীলতা বৃদ্ধির ক্রম:
  $BeCO_3 < MgCO_3 < CaCO_3 < SrCO_3 < BaCO_3$
- বাইকার্বনেটের তাপসহনশীলতা বৃদ্ধির ক্রম:
  $Be(HCO_3)_2 < Mg(HCO_3)_2 < Ca(HCO_3)_2 < Sr(HCO_3)_2 < Ba(HCO_3)_2$

- আয়নিকরণ বিভব বেশি হওয়ার কারণে Be, Mg শিখা পরীক্ষায় বর্ণ প্রদর্শন করে না।

p ব্লক মৌল

১১ p ব্লক মৌল:

পর্যায় সারণির গ্রুপ-13 এর মৌলসমূহে $ns^2\ np^1$ ইলেকট্রন বিন্যাস থেকে শুরু করে গ্রুপ-14, 15, 16, 17 ও গ্রুপ-18 এর ($ns^2\ np^6$) মৌলসমূহ p - ব্লকে স্থান পেয়েছে

(১) p-ব্লকের মৌল সংখ্যা নবআবিষ্কৃত নিহোনিয়াম Nh (113), ফ্লেরোভিয়াম, Fl (114), মস্কোভিয়াম, Mc (115), লিভারমরিয়াম, Lv(116), টেনেসিন, Ts(117) ও ওগানেসান, Og(118) সহ ৩৬টি। এদের মধ্যে ধাতু, অপধাতু বা মেটালয়েড ও অধাতু রয়েছে।

(২) ধাতু (১২টি) ও গ্রাফাইট (কার্বনের বহুরূপ) ব্যতীত p-ব্লকের অন্য সব মৌল তাপ ও বিদ্যুৎ কু-পরিবাহী। p- ব্লকভুক্ত মোট অপধাতু ৬টি (B, Si, Ge, As, Sb, Te) হলো সেমিকন্ডাক্টর।

(৩) p - ব্লকের বেশির ভাগই তড়িৎ ঋণাত্মক অধাতু।

(৪) একই পর্যায়ে বাম থেকে ডানদিকে মৌলের পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে যোজ্যতা ইলেকট্রন সংখ্যা বৃদ্ধি পায়; কিন্তু শক্তিস্তর একই থাকে। ফলে মৌলসমূহের পারমাণবিক আকার হ্রাস পায়।

(৫) একই পর্যায়ে বাম থেকে ডানদিকে p - ব্লকের মৌলসমূহের বিজারণক্ষমতা ক্রমশ হ্রাস পায়।

(৬) একই পর্যায়ে বাম থেকে ডানদিকে p - ব্লকের মৌলসমূহের জারণক্ষমতা ক্রমশ বৃদ্ধি পায়। কিন্তু একই গ্রুপের উপর থেকে নিচের দিকে মৌলসমূহের জারণক্ষমতা হ্রাস পায়।

d ব্লক মৌল

১১ d ব্লক মৌল:

অবস্থান্তর ধাতু : d ব্লকভুক্ত ধাতু, এদের কোনো স্থায়ী আয়নের ইলেকট্রন বিন্যাসের d অরবিটাল আংশিক পূর্ণ থাকে।

অবস্থান্তর মৌলের বৈশিষ্ট্যসমূহ:

১. পরিবর্তনশীল জারণ অবস্থা প্রদর্শন করে
২. প্রভাবকরূপে ক্রিয়া করে
৩. জটিল আয়ন গঠন করে
৪. রঙিন যৌগ গঠন করে
৫. প্যারাচুম্বকত্ব ধর্ম প্রদর্শন করে থাকে

Sc^{3+}	বর্ণহীন	Mn^{2+}	বর্ণহীন
Ti^{3+}	রক্তবর্ণ	Fe^{3+}	হালকা বাদামী
V^{3+}	সবুজ	Fe^{2+}	সবুজ
Cr^{3+}	হালকা সবুজ	Co^{2+}	গোলাপী
Mn^{3+}	বেগুনী	Ni^{2+}	সবুজ
		Cu^{2+}	নীল

- CCl_4 আর্দ্রবিশ্লেষিত হয় না কারণ কার্বনের কোনো d অরবিটাল নেই এবং তাই এটি পানির সাথে সন্নিবেশ বন্ধন গঠন করতে পারে না। কিন্তু ফাঁকা d অরবিটালের উপস্থিতির জন্য সিলিকন তার কো-অর্ডিনেশন সংখ্যা 4 এর বেশি করতে পারে। তাই সিলিকন পানির সাথে সন্নিবেশ বন্ধন গঠন করতে পারে।

Academic Admission all types of Preparation
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

f ব্লক মৌল

›› f ব্লক মৌল:

পর্যায় সারণিতে f-ব্লকে অন্তর্ভুক্ত মৌলসমূহের পরমাণুতে সর্ববহিঃস্থ শক্তিস্তরের ns-অরবিটাল বা উপশক্তিস্তর পূর্ণ থাকে; কিন্তু (n – 1)d অরবিটাল অপূর্ণ রেখে শেষ ইলেকট্রন ক্রমান্বয়ে (n – 2)f অরবিটালে প্রবেশ করতে থাকে। এর মূলে রয়েছে উচ্চ শক্তিস্তরে d-অরবিটাল ও f-অরবিটালের মধ্যে ন্যূনতম পার্থক্য। এখানে n = 6 ও 7 হয়।

পর্যায়		ইলেকট্রন বিন্যাস : (n – 2) $f^{(1-14)}$, (n – 1) $d^{0,1}$ ns^2; n = 6, 7												
6(4f)	58^{Ce}	59^{Nd}	60^{Nd}	61^{Pm}	62^{Sm}	63^{Eu}	64^{Gd}	65^{Tb}	66^{Dy}	67^{Ho}	68^{Er}	69^{Tm}	70^{Yb}	71^{Lw}
7(5f)		91^{Pa}	92^{U}	93^{Np}	94^{Pu}	95^{Am}	96^{Cm}	97^{Bk}	98^{Cf}	99^{Es}	100^{Fm}	101^{Md}	102^{Md}	103^{Lw}

f-ব্লক মৌলসমূহ (১) ল্যান্থানাইড ও (২) অ্যাক্টিনাইড – এই দুটি সিরিজে বিভক্ত :

›› **ল্যান্থানাইড সিরিজ (Lanthanide Series) :** পর্যায় সারণির ৬ষ্ঠ পর্যায়ের ও গ্রুপ-3 (3B) এর অন্তর্ভুক্ত ল্যান্থানাম ($_{57}La$) ও এর পরবর্তী সেরিয়াম ($_{58}Ce$) থেকে লুটেসিয়াম ($_{71}Lu$) পর্যন্ত 14টি মৌলসহ মোট 15টি মৌলকে একত্রে ল্যান্থানাইড সিরিজ বা ল্যান্থানয়ডস (Lanthanoide) বলে। প্রকৃতিতে ল্যান্থানয়ড মৌলসমূহ খুব কম পরিমাণে যৌগরূপে পাওয়া যায় বলে এদেরকে **বিরল মৃত্তিকা মৌল** বা rare earth elementsও বলা হয়। ল্যান্থানাইড সিরিজের সাধারণ ইলেকট্রন বিন্যাস হলো : $(n-2)f^{n-14}\ (n-1)\ d^{0-1}\ ns^2$; এক্ষেত্রে n = 6 হয়।

›› **ল্যান্থানাইডসমূহের ধর্মাবলি :**

(১) ল্যান্থানাইডসমূহ হলো ভারী ধাতু। এরা তাপ ও বিদ্যুৎ সুপরিবাহী।
(২) এদের ঘনত্ব, গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক বেশি হয়।
(৩) এদের আয়নীকরণ শক্তি d-ব্লক মৌল অপেক্ষা কম। তাই এ সব ধাতুর তড়িৎ ধনাত্মকতা ধর্ম বেশি থাকে।
(৪) f-ব্লক মৌলসমূহের মধ্যে রয়েছে অন্তঃঅবস্থান্তর মৌল (Inner transition elements)। যেসব f-ব্লক মৌলের কোনো সুস্থিত আয়নে f^1 থেকে f^{13} ইলেকট্রন বিন্যাস থাকে, তাদেরকে অন্তঃঅবস্থান্তর মৌল বলে। যেমন-Ce(58) এর $4f^1$ যুক্ত Ce^{3+} আয়ন আছে। এদের আয়ন বর্ণযুক্ত হয় এবং জটিল আয়ন গঠন করে।
(৫) এদের প্রধান ও অধিকতর স্থায়ী জারণ অবস্থা হলো + 3। তবে + 2 ও + 4 জারণ অবস্থাও দেখা যায়। যেমন Eu^{2+} ($4f^7$), Tb^{4+}($4f^7$)।

(২) অ্যাক্টিনাইড সিরিজ (Actinide Series) : পর্যায় সারণির ৭ম পর্যায়ের ও গ্রুপ-3 (3B) এর অন্তর্ভুক্ত অ্যাক্টিনিয়াম ($_{89}Ac$) ও এর পরবর্তী 90^{Th} থেকে 103^{Lr} পর্যন্ত 14টি মৌলসহ মোট 15টি মৌলকে একত্রে অ্যাক্টিনাইড সিরিজ বা অ্যাক্টিনয়ড্স বলে। এদের ভৌত ও রাসায়নিক ধর্মে খুবই মিল থাকায় এদেরকে পর্যায় সারণিতে একই স্থানে রাখা হয়েছে। অ্যাক্টিনাইড সিরিজকে বর্তমানে IUPAC নিয়ম মতে অ্যাক্টিনয়ডস ও (actinoids) বলা হয়। কারণ ঋণাত্মক আয়নের বেলায়, মৌলের পরমাণুর নামের শেষে 'ide' বিভক্তি বা suffix বসে যেমন ক্লোরাইড (chloride) আয়ন (Cl^-)। তাই ল্যান্থানাইড-এর পরিবর্তে 'ল্যান্থানয়ড' এবং অ্যাক্টিনাইড-এর পরিবর্তে 'অ্যাক্টিনয়ড' নতুন নামকরণ অনুমোদন দেওয়া হয়েছে।

অ্যাক্টিনাইডসমূহের ধর্মাবলি :

- অ্যাক্টিনাইড মৌলসমূহ তেজস্ক্রিয় মৌল।
- এদের ঘনত্ব খুব বেশি। (ব্যতিক্রম থোরিয়াম sp.gr. 10.11)
- এদের উচ্চ গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক আছে।
- অ্যাক্টিনাইডসমূহ অধিক তড়িৎ ধনাত্মক ধাতু। এরা + 3, + 4, + 5, + 6 জারণ অবস্থা প্রদর্শন করে। এদের আয়নীকরণ শক্তি কম।

Step 3 তড়িৎ ঋণাত্মকতা, আয়নিকরণ বিভব এবং ইলেকট্রন আসক্তি

আয়নিকরণ শক্তি

›› **আয়নিকরণ শক্তি:** গ্যাসীয় অবস্থায় কোনো মৌলের এক মোল বিচ্ছিন্ন পরমাণু থেকে একটি করে ইলেকট্রন সরিয়ে একে গ্যাসীয় বিচ্ছিন্ন এক মোল একক ধনাত্মক আয়নে পরিণত করতে যে পরিমাণ শক্তির প্রয়োজন হয়, তাকে সেই মৌলের আয়নীকরণ শক্তি বা বিভব বলা হয়।

মৌলের আয়নীকরণ শক্তির ওপর বিভিন্ন নিয়ামকের প্রভাব :

i. পরমাণুর আকার বৃদ্ধিতে আয়নীকরণ শক্তি হ্রাস পায় – গ্রুপভিত্তিক সম্পর্ক।
ii. উপশক্তিস্তর বৃদ্ধিতে আয়নীকরণ শক্তি বৃদ্ধি পায় – এটি পর্যায়ভিত্তিক সম্পর্ক।
iii. পূর্ণ ও অর্ধপূর্ণ অরবিটালযুক্ত পরমাণুর অধিক সুস্থিতির কারণে পর্যায়ভিত্তিক সম্পর্কে ব্যতিক্রম ঘটে।

ইলেকট্রন আসক্তি

›› **ইলেকট্রন আসক্তি :** গ্যাসীয় অবস্থায় কোনো মৌলের এক মোল বিচ্ছিন্ন পরমাণু প্রত্যেকে একটি করে এক মোল ইলেকট্রনের সাথে যুক্ত হয়ে গ্যাসীয় বিচ্ছিন্ন এক মোল একক ঋণাত্মক চার্জযুক্ত আয়ন সৃষ্টি করতে যে পরিমাণ শক্তি নির্গত হয়, তাকে সেই মৌলের ইলেকট্রন আসক্তি বলে।

মৌলের ইলেকট্রন আসক্তির ওপর বিভিন্ন নিয়ামকের প্রভাব :

মৌলের ইলেকট্রন আসক্তি নিম্নোক্ত বিষয়ের ওপর নির্ভরশীল : (i) পরমাণুর আকার বৃদ্ধিতে ইলেকট্রন আসক্তি হ্রাস পায়– এটি হলো গ্রুপভিত্তিক সম্পর্ক। (ii) যোজ্যতা স্তরে ইলেকট্রনের ঘনত্ব বৃদ্ধিতে ইলেকট্রন আসক্তি হ্রাস পায় – এটি 7A বা 17 গ্রুপে দেখা যায়। কিন্তু হ্যালোজেনের ইলেকট্রন আসক্তির ক্রম হলো Cl > F > Br > I (iii) নিউক্লিয়াসে চার্জ বৃদ্ধিতে ইলেকট্রন আসক্তি বৃদ্ধি পায়; এটি পর্যায়ভিত্তিক সম্পর্ক।

তড়িৎ ঋণাত্মকতা

›› **তড়িৎ ঋণাত্মকতা :** কোনো সমযোজী যৌগের অণুতে দুটি ভিন্ন মৌলের পরমাণুর মধ্যে শেয়ারকৃত বন্ধন ইলেকট্রন যুগলকে একটি পরমাণু নিজের দিকে বেশি আকর্ষণ করার ক্ষমতাকে সেই মৌলের তড়িৎ ঋণাত্মকতা বলে।

মৌলের তড়িৎ ঋণাত্মকতার ওপর বিভিন্ন নিয়ামকের প্রভাব

মৌলের তড়িৎ ঋণাত্মকতা নিম্নোক্ত বিষয়ের ওপর নির্ভরশীল :
(i) পরমাণুর আকার বৃদ্ধিতে তড়িৎ ঋণাত্মকতা হ্রাস পায় – এটি হলো গ্রুপভিত্তিক সম্পর্ক।
(ii) নিউক্লিয়াসে চার্জ বৃদ্ধিতে তড়িৎ ঋণাত্মকতা বৃদ্ধি পায় – এটি হলো পর্যায়ভিত্তিক সম্পর্ক।
পর্যায় সারণির ২য় পর্যায়ের সর্বশেষ ডানে ও গ্রুপ– 17(7A) এর সবচেয়ে ওপরে স্থান প্রাপ্ত হওয়ায় ক্ষুদ্রাকার ও অতীব সক্রিয় মৌল হলো F। তাই সমযোজী যৌগ অণুতে শেয়ারকৃত ইলেকট্রনের ওপর ফ্লোরিনের নিউক্লিয়াসের আকর্ষণ সবচেয়ে বেশি হয়। অর্থাৎ F এর তড়িৎ ঋণাত্মকতা সর্বাধিক হয়।

গলনাঙ্ক ও স্ফুটনাঙ্ক	পরমাণুর আকার	পরমাণুর যোজ্যতা	আয়নীকরণ শক্তি (e^- ত্যাগে প্রয়োজনীয় শক্তি)	e^- আসক্তি (e^- গ্রহণে ত্যাগকৃত শক্তি)	তড়িৎ ঋণাত্মকতা	ধাতব ধর্ম
১. একই Group এর উপর থেকে নিচে হ্রাস পায়। কিন্তু পর্যায়ের ক্ষেত্রে তারতম্য থাকে।	১. একই Group এর উপর থেকে নিচে বৃদ্ধি পায়। ২. একই পর্যায়ের বাম থেকে ডানে হ্রাস পায়। Types → i. সমযোজী ব্যাসার্ধ – ii. ধাতব ব্যাসার্ধ – iii. আয়নিক ব্যাসার্ধ – Causes- → anion এর আকার তার মূল পরমাণু হতে বড়। → Cation এর আকার তার মূল পরমাণু হতে ছোট।	১. যৌগ গঠনে পরমাণুর যুক্ত হওয়ার ক্ষমতা। ২. একই পর্যায়ের বাম থেকে ডানে 14 নং Group পর্যন্ত বাড়ে, এরপর কমে। ৩. একই Group এর ক্ষেত্রে যোজ্যতা same থাকে।	১. বাম থেকে ডানে বাড়ে। ব্যতিক্রম : বি র না মেঘালয়ে পাশে পাবে (Be, B) (N, O) (Mg, Al) (P, S) এদের, Be > B N > O Mg > Al P > S ২. উপর থেকে নিচে কমে ৩. Group-1 এর Fr সবচেয়ে কম। ৪. Group-18 এর Rn সবচেয়ে কম।	১. বাম থেকে ডানে বড় ২. উপর থেকে নিচে কমে ব্যতিক্রম : F < Cl Cl > F > Br > I এবং S > Se > Te > Pb > O O → একটি ছোট মৌল তাই e^- গ্রহণ করলে বিকর্ষিত হয় ঐ e^-। তাই কম। ৩. Ne, Ar, Kr, Xe এর e^- আসক্তি positive ৪. Group-17 এর সবচেয়ে বেশি।	১. বাম থেকে ডানে বড় ২. উপর থেকে নিচে কমে তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য (0.5 – 1.9) এর মধ্যে হলে তা ডাইপোল হবে।	একই পর্যায়ের বাম থেকে ডানে ধাতব ধর্ম হ্রাস পায় এবং অধাতব ধর্ম বৃদ্ধি পায়।

বিভিন্ন নিয়ামক

›› আয়নিকরণ শক্তি, ইলেকট্রন আসক্তি, তড়িৎ ঋণাত্মকতার উপর বিভিন্ন নিয়ামকের প্রভাব:

- আয়নিকরণ শক্তি পর্যায়ভিত্তিক বৃদ্ধি পায়। যেমন: d উপশক্তিস্তর > p উপশক্তিস্তর > s উপশক্তিস্তর।
- যে পরমাণুর আকার যত ছোট সে পরমাণুর ইলেকট্রন আসক্তি তত বেশি।
- পরমাণুর আকার বৃদ্ধির সাথে মৌলের তড়িৎ ঋণাত্মকতা হ্রাস পায়।
- উপশক্তিস্তরভিত্তিক আয়নিকরণ শক্তির ক্রম হলো: পূর্ণ শক্তিস্তর > অর্ধপূর্ণ উপশক্তিস্তর > আংশিক পূর্ণ উপশক্তিস্তর

›› তড়িৎ ঋণাত্মকতার পার্থক্যের উপর যৌগের প্রকৃতির নির্ভরশীলতা:

তড়িৎ ঋণাত্মকতার পার্থক্য	বন্ধন প্রকৃতি	উদাহরণ
0.5 >	অপোলার	CH_4, CO_2, H_2
0.5 - 1.7	পোলার	H_2O, HF
> 1.7	আয়নিক	NaCl, KCl

Step 4 মৌলের অক্সাইডের অম্ল-ক্ষারক ধর্ম

১. অম্লীয় অক্সাইড: CO_2, SO_2, SO_3, NO_2, N_2O_5, P_2O_5, F_2O
২. ক্ষারকীয় অক্সাইড: Na_2O, K_2O, CuO, FeO, CaO, MgO
৩. প্রশম অক্সাইড: H_2O, CO, N_2O, NO
৪. উভধর্মী অক্সাইড: ZnO, Al_2O_3, SnO_2, PbO, PbO_2
৫. পার-অক্সাইড: Na_2O_2, BaO_2
৬. পলি-অক্সাইড: PbO_2, MnO_2
৭. সাব-অক্সাইড: Pb_2O
৮. সুপার অক্সাইড: KO_2
৯. যুগ্ম বা মিশ্র অক্সাইড: Fe_3O_4, Pb_3O_4

Step 5 সংকরায়ণ

কোনো পরমাণুর যোজ্যতাস্তরের একাধিক ভিন্ন শক্তির অরবিটাল মিশ্রিত হয়ে সমশক্তির সমসংখ্যক অরবিটাল উৎপন্ন করার প্রক্রিয়াকে সংকরণ বা হাইব্রিডাইজেশন বলে। প্রায় সমশক্তিসম্পন্ন s অরবিটাল, p অরবিটাল ও d অরবিটাল পরস্পরের সাথে বিভিন্ন অনুপাতে মিশ্রিত হয়ে sp, sp^2, sp^3, dsp^2 প্রভৃতি সংকর অরবিটালের সৃষ্টি করে।

›› বিভিন্ন সংকরণ এবং এর সাথে সংশ্লিষ্ট অণুর আকৃতি ও বন্ধন কোণ :

প্রকারভেদ	আকৃতির নাম	বন্ধন কোণ	উদাহরণ
sp	সরলরৈখিক	180°	$BeCl_2$, C_2H_2, CO_2
sp^2	সমতলীয় ত্রিভুজাকৃতি	120°	BCl_3, C_2H_4, C_6H_6, গ্রাফাইট
sp^3	চতুস্তলকীয়	109° 28′	CH_4, $CH_3–CH_3$, CCl_4, $SiCl_4$, SiH_4, NH_4^+, BF_4^-, BH_4^-, $Ni(CO)_4$, $[Zn(NH_3)_4]^{2+}$, হীরক,
sp^2d or, dsp^2	সমতলীয় বর্গাকার	90°	$[Cu(NH_3)_4]^{2+}$
sp^3d or, dsp^3	ত্রিকোণ দ্বি-পিরামিডীয়	90°, 120°	PCl_5
sp^3d^2 or, d^2sp^3	অষ্টতলীয়	90°	SF_6, $[Fe(CN)_6]^{3-}$; $[Fe(CN)_6]^{4-}$, $[Co(NH_3)_6]^{3+}$
sp^3d^3 or, d^3sp^3	পঞ্চকোণ দ্বি-পিরামিডীয়	72°, 90°	IF_7

Most Important Angles :

সংকেত (নাম)	বন্ধন কোণ
CH_4 (মিথেন)	109.5° বা, 109 °28′
H_2O (হাইড্রোজেন অক্সাইড, পানি)	104.5° বা, 104 °28′
NH_3 (অ্যামোনিয়া)	107°
PH_3 (ফসফিন)	92° বা, 94 ° [বিভিন্ন বইয়ে]
NF_3 (নাইট্রোজেন ট্রাইফ্লোরাইড)	102.5° বা, 102. °28′
H_2S (হাইড্রোজেন সালফাইড)	90°

টেকনিক: সংকরিত অরবিটালের প্রকৃতি নির্ণয় (অজৈব যৌগের ক্ষেত্রে):

সংকরায়ন নির্ণয়ের সূত্র :

$$H = \frac{1}{2}[V + M - C + A]$$

V → কেন্দ্রীয় মৌলের যোজ্যতা e^- সংখ্যা
M → একযোজী মৌল সংখ্যা
C → cation এর modulus number
A → anion এর modulus number

মুক্তজোড় e^- number :

$$L = H - X - D$$

D → দ্বিযোজী মৌলের number
X → একযোজী মৌলের number

H এর মান	2	3	4	5	6	7
হাইব্রিডাইজেশন	sp	sp^2	sp^3	sp^3d	sp^3d^2	sp^3d^3

অণু বা আয়নের সংকরণ নির্ণয় :

যৌগ	সূত্র	সংকরণ
PCl_5	$H = \frac{1}{2}(x + y) = \frac{1}{2}(5 + 5) = 5$	sp^3d
NH_2^-	$H = \frac{1}{2}(x + y + a) = \frac{1}{2}(5 + 2 + 1) = 4$	sp^3
NH_4^+	$H = \frac{1}{2}(x + y - c) = \frac{1}{2}(5 + 4 - 1) = 4$	sp^3

অণুর আকৃতি ও বন্ধন কোণের উপর মুক্তজোড় ইলেকট্রনের প্রভাব:

- কেন্দ্রীয় পরমাণুর যোজ্যতা স্তরে ইলেকট্রনযুগল বা মুক্তজোড় ইলেকট্রন থাকলে তাদের বিকর্ষণের ফলে অণুতে বন্ধন কোণসমূহ আদর্শমান থেকে হ্রাস পায়।
- নিঃসঙ্গ ইলেকট্রনযুগল নিঃসঙ্গ ইলেকট্রনযুগল বিকর্ষণ > নিঃসঙ্গ ইলেকট্রনযুগল-বন্ধন ইলেকট্রনযুগল বিকর্ষণ > বন্ধন ইলেকট্রনযুগল-বন্ধন ইলেকট্রনযুগল বিকর্ষণ;
  বা, (lp - lp) > (lp - bp) > (bp - bp) [lp = lone pair, bp = bond pair]


Step 6

রাসায়নিক বন্ধন

বন্ধন

দুটি পরমাণুর দুটি অরবিটালের অধিক্রমণ সামনা-সামনি অথবা পাশাপাশি দু'ভাবে ঘটতে পারে। দুটি অরবিটালের মুখোমুখি অধিক্রমণের ফলে σ বন্ধন এবং পাশাপাশি অধিক্রমণের ফলে π বন্ধনের সৃষ্টি হয়।

ইথিন ও ইথাইন অণুর বর্ণনা:

		H–C≡C–H
১. মোট σ বন্ধন	5 টি	3 টি
২. মোট π বন্ধন	1 টি	2 টি
৩. কার্বন-কার্বনে বন্ধনে	$1\sigma + 1\pi$	$1\sigma + 2\pi$
৪. সংকরণ	sp^2	sp
৫. সংকরণ (C–C)	$sp^2 - sp^2$	sp - sp
৬. সংকরণ (C–H)	$s - sp^2$	s - sp

Academic Discussion of Laws of pdf collection

▸▸ ফাজানের নীতি:

১. ক্যাটায়নের আকার যত ক্ষুদ্র হবে বন্ধনের সমযোজী বৈশিষ্ট্য তত অধিক হবে।
যৌগের সমযোজী বৈশিষ্ট্য ক্রম: $LiCl > NaCl > KCl > RbCl > CsCl$

২. অ্যানায়ন যত বৃহদাকার হবে বন্ধনের সমযোজী বৈশিষ্ট্য তত অধিক হবে।
যৌগের সমযোজী বৈশিষ্ট্য ক্রম: $HI > HBr > HCl > HF$
আবার AgF, AgCl, AgBr, AgI যৌগের হ্যালাইড আয়নের চার্জ বৃদ্ধির ক্রম হলো $F^- > Cl^- > Br^- > I^-$
সমযোজী বৈশিষ্ট্য বৃদ্ধি: $AgI > AgBr > AgCl > AgF$

৩. ক্যাটায়ন ও অ্যানায়নের চার্জ যত বেশী হবে সমযোজী বৈশিষ্ট্য তত অধিক হবে ।
যৌগের সমযোজী বৈশিষ্ট্য ক্রম: $AlCl_3 > MgCl_2 > NaCl$

৪. d ও f অরবিটালে ইলেকট্রন থাকলে পোলারায়নের মাত্রা তত বেশি হবে এবং বন্ধনের সমযোজী বৈশিষ্ট্য তত অধিক হবে।

Note: যাদের আয়নিক Pottential বেশি তাদের যৌগের তাপ বিয়োজন ক্ষমতা কম।
$BeCO_3 < MgCO_3 < CaCO_3$

[আয়নিক Potential $(\phi) = \frac{\text{ক্যাটায়নের charge}}{\text{ক্যাটায়নের ব্যাসার্ধ}}$]

→ **পোলারিটি :** সমযোজী যৌগের আয়নিক বৈশিষ্ট্য।

→ **পোলারায়ন :** আয়নিক যৌগের সমযোজী বৈশিষ্ট্য।

→ **ডাইপোল :** একই অণুর ধনাত্বক ও ঋণাত্বক প্রান্ত।

▸▸ জটিল যৌগের লিগ্যান্ড :

i. CN^- → Cyano
ii. NH_3 → ammine
iii. OH^- → Oxo
iv. $Br^-/ Cl^-/ F^-/ I^-$ → Bromo, Chloro, Flouro, Iodo
v. H_2O → aqua
vi. CO → কার্বোনিল

▸▸ জটিল যৌগের নামকরণ :

For Cationic (+ ve) জটিল যৌগ :

→ সংখ্যাসহ লিগ্যান্ডের নাম + ধাতুর/ কেন্দ্রীয় পরমাণুর জারণসংখ্যাসহ নাম + যুক্ত অ্যানায়নের নাম $[Cu(NH_3)_4]^{2+}So_4^{2-}$ → টেট্রাঅ্যাম্মিন কপার (II) সালফেট

For Anionic (– ve) জটিল যৌগ :

→ ক্যাটায়ন + সংখ্যাসহ লিগ্যান্ড + ধাতু + এট (ate) (জারণ সংখ্যা)

$3Na[Fe(CN)_6]^{3-}$
সোডিয়াম হেক্সাসায়ানো ফেরেট (III)

Step 7 আন্তঃআণবিক আকর্ষণ বল

▸▸ ডাইপোল-ডাইপোল আকর্ষণ বল :


অধিক তড়িৎ ঋণাত্মক মৌলদ্বয়ের মধ্যে সৃষ্ট সমযোজী যৌগ অণুতে সৃষ্ট ভিন্ন চার্জ বা মেরুকে ডাইপোল বলে।
ডাইপোল দু' প্রকার :
i. স্থায়ী ডাইপোল। যেমন : HCl, H_2O, NH_3 ii. অস্থায়ী ডাইপোল।

▸▸ ভ্যান্ডার ওয়ালস বল :

যেকোনো পদার্থের অণুসমূহের মধ্যকার আকর্ষণই ভ্যাণ্ডার ওয়ালস্ বল নামে পরিচিত। ননপোলার সমযোজী মৌলের অণুসমূহের মধ্যে এ বলের প্রভাব অধিক। তবে এটি সাধারণ রাসায়নিক বন্ধনের তুলনায় অনেক দুর্বল। নন বন্ডিং আন্তঃআণবিক বল বা আকর্ষণ এ শ্রেণিভুক্ত; যেমন আয়ন-ডাইপোল আকর্ষণ, হাইড্রোজেন বন্ধন, ডাইপোল-ডাইপোল আকর্ষণ, বিস্তারণ বল ইত্যাদি।

▸▸ হাইড্রোজেন বন্ধন:

অধিক তড়িৎ ঋণাত্মক পরমাণু F, O, N এর সাথে যুক্ত H পরমাণুর মধ্যবর্তী বন্ধন অধিকতর পোলার হয়। এরূপ পোলার অণুর মধ্যে ধনাত্মক প্রান্ত ও ঋণাত্মক প্রান্তে এক দুর্বল বন্ধন সৃষ্টি হয়। এরূপ বন্ধনকে H বন্ধন বলা হয়। H বন্ধনের শক্তিমাত্রা প্রায় 10 - 40 $kJmol^{-1}$ হয়।
হাইড্রোজেন ফ্লোরাইড (HF), পানি (H_2O), অ্যামোনিয়া (NH_3), ইথানোয়িক এসিড (CH_3COOH), ফেনল (C_6H_5OH) ইত্যাদি অণুর মধ্যে হাইড্রোজেন বন্ধন পরিলক্ষিত হয়।



হাইড্রোজেন ফ্লোরাইড (HF) | পানি (H_2O) | অ্যামোনিয়া (NH_3) | ইথানোয়িক এসিড (CH_3COOH) | ফেনল (C_6H_5OH)

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

›› একাধিক বন্ধন বিশিষ্ট যৌগ:

যৌগ	বন্ধন প্রকৃতি
H_3PO_4	সমযোজী, সন্নিবেশ
Na_2SO_4	আয়নিক, সমযোজী, সন্নিবেশ
NH_4Cl	আয়নিক, সমযোজী, সন্নিবেশ
$(H_2O)n$	হাইড্রোজেন, সমযোজী
$K_4[Fe(CN)_6]$	আয়নিক, সমযোজী, সন্নিবেশ
KBF_4	সমযোজী, সন্নিবেশ
H_2SO_4	সমযোজী, সন্নিবেশ
$[Ag(NH_3)]^+$	সমযোজী, সন্নিবেশ
NH_4	সমযোজী, সন্নিবেশ
$[Fe(CN)_6]^{4-}$	সমযোজী, সন্নিবেশ
$(Cu(NH_3]_4]^{2+}$	সমযোজী, সন্নিবেশ

Part 2 কৃষি/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের ব্যাখ্যাসহ প্রশ্নোত্তর

গুচ্ছভুক্ত কৃষি বিশ্ববিদ্যালয়

01. NH_4^+ আয়নে ∠HNH এর মান কত? [Agri. Cluster : 22-23]

Ⓐ 104.5° Ⓑ 107° Ⓒ 109.5° Ⓓ 90°

Ans C Solve

যৌগ	সংকর অরবিটাল	বন্ধন কোন	আকৃতি
NH_4^+, H_3O^+, PH_4^+, CCl_4, BF_4^-	sp^3	109.5°	চতুস্তলকীয়
H_2O, H_2S, F_2O	sp^3	104.5°	V-আকৃতি
NH_3, PH_3	sp^3	107°	ত্রিকোণীয় পিরামিড
SF_6	sp^3d^2	90°	অষ্টতলকীয়

02. পটাশিয়াম মৌলটি কোন গ্রুপের অন্তর্ভুক্ত? [Agri. Cluster : 22-23]

Ⓐ হ্যালোজেন Ⓑ ক্ষার ধাতু Ⓒ নিষ্ক্রিয় গ্যাস Ⓓ মৃৎক্ষার ধাতু

Ans B Solve পর্যায় সারণির গ্রুপ-1 অবস্থিত (Li, Na, K, Rb, Cs, Fr) এই ছয়টি মৌলকে ক্ষারধাতু বলা হয়।


03. কোনটির ডাইপোল মোমেন্ট শূন্য? [Agri. Cluster : 22-23]

Ⓐ CF_4 Ⓑ CHF_2 Ⓒ CH_2F_3 Ⓓ CH_3F Ans A

04. ইথিলিন অনুতে সংকরিত এবং অসংকরিত অরবিটালদ্বয়ের মধ্যবর্তী কোণের মান কত? [Agri. Cluster : 22-23]

Ⓐ 180° Ⓑ 120° Ⓒ 90° Ⓓ 109°

Ans C Solve



05. নিচের কোন মৌলটির ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি? [Agri. Cluster : 21-22]

Ⓐ N Ⓑ Cl Ⓒ O Ⓓ F

Ans B Solve

মৌল	ইলেকট্রন আসক্তি ($kJ\ mol^{-1}$)	মৌল	ইলেকট্রন আসক্তি ($kJ\ mol^{-1}$)
F	−329	At	−270
Cl	−349	N	+7
Br	−324	O	−142
I	−295		

[Ref : সঞ্জিত]

06. কোনটির sp^3 হাইব্রিডাইজেশন বিদ্যমান? [Agri. Cluster : 21-22]

Ⓐ HCN Ⓑ C_2H_2 Ⓒ BF_3 Ⓓ NH_4^+


Ans D Solve

যৌগ	সংকরণ
C_2H_2, HCN, $BeCl_2$, CO_2	sp
C_2H_4, SO_3, BF_3, BCl_3	sp^2
PO_4^{3-}, NH_4^+, PH_4^+	sp^3

07. নিচের কোনটিতে হাইড্রোজেন বন্ধন আছে? [Agri. Cluster : 21-22]

Ⓐ NH_3 Ⓑ CH_4 Ⓒ H_2S Ⓓ HI

Ans A Solve N, F এবং O এদের সাথে H যুক্ত থাকলে তারা হাইড্রোজেন (H) বন্ধন গঠন করতে পারে।



08. কোন যৌগটি সবচেয়ে কম তাপমাত্রায় বিয়োজিত হবে? [Agri. Cluster : 20-21]

Ⓐ Na_2CO_3 Ⓑ K_2CO_3 Ⓒ $MgCO_3$ Ⓓ $BaCO_3$

Ans C Solve **কার্বনেটের বিয়োজন তাপমাত্রা :**

গ্রুপ I : $LiCO_3$ উত্তাপে বিয়োজিত হয়। বাকি মৌলের কার্বনেট সহজে বিয়োজিত হয় না।

গ্রুপ II : কার্বনেটের বিয়োজন তাপমাত্রার ক্রম:

$$Be^{2+} < Mg^{2+} < Ca^{2+} < Sr^{2+} < Ba^{2+} < Ra^{2+}$$

সুতরাং, যৌগগুলোর মধ্যে $MgCO_3$ খুব সহজে এবং কম তাপমাত্রায় বিয়োজিত হবে।

09. কোন যৌগটি জলীয় দ্রবণে সবচেয়ে সহজে হাইড্রোবিশ্লেষিত হয়? [Agri. Cluster : 20-21]

Ⓐ CCl_4 Ⓑ $SnCl_2$ Ⓒ $SiCl_4$ Ⓓ $PbCl_4$

Ans D Solve **যৌগগুলো হাইড্রোবিশ্লেষিত হওয়ার ক্রম :** $PbCl_4 > SnCl_4 > SiCl_4$

N.B : $PbCl_4$ কক্ষ তাপমাত্রায় খুব সহজেই হাইড্রোবিশ্লেষিত হয়। অপরদিকে CCl_4 যৌগের কেন্দ্রীয় পরমাণুর (কার্বন) এর কোনো খালি d অরবিটাল না থাকায় এটি হাইড্রোবিশ্লেষিত হয় না।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

10. কোন যৌগটি sp^3d সংকরণ বিশিষ্ট? [Agri. Cluster : 20-21]

Ⓐ PCl_3 Ⓑ PCl_5 Ⓒ CCl_4 Ⓓ XeF_6

Ans B Solve

যৌগ	সংকরণ	বন্ধন কোণ	আকৃতি
PCl_3	sp^3	< 109°	Trigonal Pyramidal.
CCl_4	sp^3	109°	Tetrahedral.
PCl_5	sp^3d	120°,90°	Trigonal Bipyramidal.
XeF_6	sp^3d^3	90°,72°	Square Bipyramidal.

11. ম্যাগনেসিয়াম ফসফেটের সংকেত কোনটি? [Agri. Cluster : 20-21]

Ⓐ $Mg_2(PO_4)_3$ Ⓑ $MgPO_4$
Ⓒ $Mg_2(PO_4)_2$ Ⓓ $Mg_3(PO_4)_2$ **Ans D**

12. কোনটি পানিতে অদ্রবণীয়? [Agri. Cluster : 19-20]

Ⓐ $CaCl_2$ Ⓑ $CaBr_2$ Ⓒ CaI_2 Ⓓ CaF_2

Ans D Solve Ca ও F এর মধ্যকার আয়নিক বন্ধন অত্যন্ত তীব্র। কারণ ফাযানের নীতি অনুসারে, অ্যানায়ন ক্ষুদ্রতর হলে আয়নিক বৈশিষ্ট্য বৃদ্ধি পায়। এ বন্ধন ভেঙে দ্রবীভূত হওয়া CaF_2 এর পক্ষে কষ্টসাধ্য।

13. ইলেকট্রন আসক্তির সঠিক ক্রম কোনটি? [Agri. Cluster : 19-20]

Ⓐ F > Cl > Br > I Ⓑ Cl > F > Br > I
Ⓒ F > Cl > I > Br Ⓓ I > Br > Cl > F **Ans B**

14. কোনটির প্রোটন আসক্তি সবচেয়ে বেশি? [Agri. Cluster : 19-20]

Ⓐ H_2O Ⓑ H_2S Ⓒ NH_3 Ⓓ PH_3

Ans C Solve N এর আকার P এর আকারের থেকে ছোট। তাই ইলেকট্রন ঘনত্ব N এ P অপেক্ষা বেশি। তাই NH_3 এর প্রোটন আসক্তি PH_3 অপেক্ষা বেশি, আবার H_2O থেকেও NH_3 -এর প্রোটন আসক্তি বেশি কারণ প্রোটন গ্রহনের পর NH_4^+ আয়ন H_3O^+ আয়ন অপেক্ষা অধিক Stable.

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

01. কোনটি তীব্র ক্ষারধর্মী অক্সাইড? [BAU : 18-19]

Ⓐ N_2O_5 Ⓑ Na_2O Ⓒ MgO Ⓓ SiO_2

Ans B Solve গ্রুপ-IA ধাতুসমূহ প্রধানত ক্ষারকীয় অক্সাইড গঠন করে। এরা পানিতে দ্রবণীয়। গ্রুপ-IA এর অক্সাইড তীব্র ক্ষারধর্মী।

02. কোন মৌলটির ইলেকট্রন আসক্তি সবচেয়ে বেশি? [BAU : 18-19]

Ⓐ N Ⓑ Cl Ⓒ O Ⓓ F

Ans B Solve

মৌল	ইলেকট্রন আসক্তি ($-\Delta H$ kJ mol^{-1})
F	347
Cl	361
Br	340
P	308

03. সালফার মৌলের পারমাণবিক ব্যাসার্ধ কত? [BAU : 18-19]

Ⓐ 104 pm Ⓑ 110 pm
Ⓒ 117 pm Ⓓ 125 pm **Ans A**

04. ইলেকট্রন আসক্তির সঠিক ক্রম কোনটি? [BAU : 18-19]

Ⓐ F > Cl > Br > I Ⓑ Cl > F > Br > I
Ⓒ F > Cl > I > Br Ⓓ I > Br > Cl > F

Ans B Solve হ্যালোজেনের ইলেকট্রন আসক্তির ক্রম হলো Cl > F > Br > I

05. নিম্নের কোনটি NaCl এর গলনাঙ্ক? [BAU : 18-19]

Ⓐ 776°C Ⓑ 801°C
Ⓒ 826°C Ⓓ 862°C

Ans B Solve NaCl এর গলনাঙ্ক 801°C এবং স্ফুটনাঙ্ক 1465°C।

06. নিচের কোন লবণের জলীয় দ্রবণের তড়িৎ পরিবাহিতা সবচেয়ে বেশি? [BAU : 17-18]

Ⓐ AgF Ⓑ AgCl Ⓒ AgBr Ⓓ AgI

Ans A Solve হ্যালোজেন সমূহের তড়িৎ ঋণাত্মকতার ক্রম : F>Cl>Br>I
∴ হ্যালোজেন আয়নের পোলারায়নের ক্রম: $F^-<Cl^-<Br<I$
∴ যৌগগুলোর আয়নিক বৈশিষ্টর ক্রম : AgF>AgCl>AgBr>AgI
∴ পানিতে আয়নিত হওয়ার ক্রম : AgF>AgCl>AgBr>AgI
∴ তড়িৎ পরিবাহীতার ক্রম: AgF>AgCl>AgBr>AgI

07. সোডিয়াম মৌলের পারমাণবিক ব্যাসার্ধ কত? [BAU : 17-18]

Ⓐ 123 pm Ⓑ 157 pm Ⓒ 175 pm Ⓓ 203 pm

Ans C Solve

মৌল	Li	Na	K	Rb	Cs
পারমাণবিক ব্যাসার্ধ	152 Pm	186 Pm	227 Pm	248 Pm	265 Pm

08. কোন পদার্থের ভৌত অবস্থা এক হলেও গঠন কাঠামো ভিন্ন? [BAU : 17-18]

Ⓐ C Ⓑ Cu Ⓒ Na Ⓓ K

Ans A Solve কার্বন এর দুটি রূপভেদ হীরক ও গ্রাফাইট এর ভৌত অবস্থা কঠিন হলেও গঠন কাঠামো ভিন্ন।

09. নিচের কোন মৌলটি আকারে সবচেয়ে ছোট? [BAU : 17-18]

Ⓐ O Ⓑ N Ⓒ C Ⓓ Li

Ans A Solve একই পর্যায়ে বাম হতে ডানে গেলে পরমাণুর আকার হ্রাস পায়।

10. পরমাণু ইলেকট্রন ত্যাগ করে ধণাত্মক আয়নে পরিণত হওয়ার পদ্ধতিকে কি বলে? [BAU : 16-17]

Ⓐ ইলেক্ট্রন আসক্তি Ⓑ তড়িৎ ঋণাত্মকতা
Ⓒ তড়ি ধণাত্মকতা Ⓓ আয়নিকরণ **Ans D**

11. কোন গ্রুপের মৌলকে-মুদ্রা ধাতু বলা হয়? [BAU : 15-16]

Ⓐ I A Ⓑ I B Ⓒ II A Ⓓ II B **Ans B**

12. সালফার পরমাণুর চতুপার্শ্বের বন্ধনসমূহের মোট ইলেকট্রন সংখ্যা কত? [BAU : 15-16]

Ⓐ 4 Ⓑ 6 Ⓒ 8 Ⓓ 12 **Ans B**

13. K এর পারমাণবিক সংখ্যা কত? [BAU : 15-16]

Ⓐ 12 Ⓑ 19 Ⓒ 24 Ⓓ 39 **Ans B**

14. White vitriol এর সংকেত কোনটি? [BAU : 15-16]

Ⓐ $FeSO_4.7H_2O$ Ⓑ $CuSO_4.5H_2O$
Ⓒ $ZnSO_4.7H_2O$ Ⓓ $MgSO_4.7H_2O$

Ans C Solve White vitriol = $ZnSO_4.7H_2O$
Red Vitriol = $CoSO_4.7H_2O$
Green Vitriol = $FeSO_4.7H_2O$
Blue Vitriol = $CuSO_4.5H_2O$

15. কত তাপমাত্রায় হীরক উত্তপ্ত করলে গ্রাফাইটে পরিণত হয়? [BAU : 15-16]

Ⓐ 500°C Ⓑ 800°C Ⓒ 1000°C Ⓓ 1500°C **Ans C**

16. নিচের কোন মৌলটি সবচেয়ে বেশী সক্রিয়? [BAU : 15-16]

Ⓐ Li Ⓑ Be Ⓒ Na Ⓓ Rb

Ans D Solve একই গ্রুপে উপর থেকে নিচে ধাতু সমূহের সক্রিয়তা বৃদ্ধি পায় এবং একই পর্যায়ে বাম থেকে ডানে ধাতুসমূহের সক্রিয়তা হ্রাস পায়।
∴ সক্রিয়তার ক্রম Rb > Na > Li > Be

17. কোনটিতে তড়িৎযোজী বন্ধন থাকলেও যথেষ্ট সমযোজী বৈশিষ্ট্য আছে? [BAU : 14-15]

Ⓐ NaCl Ⓑ $AlCl_3$ Ⓒ NH_3 Ⓓ $CuSO_4$

Ans B Solve $AlCl_3$ তে ক্যাটায়নের উচ্চ চার্জ ঘনত্বের জন্য পোলারায়ন বেশি অর্থাৎ সমযোজী বৈশিষ্ট্য বেশি।

18. কোনটি সেমিকনডাক্টর তৈরীতে অধিক পরিমাণে ব্যবহার করা হয়? [BAU : 14-15]

Ⓐ Ag Ⓑ Si Ⓒ Cu Ⓓ Zn

Ans B Solve সেমিকন্ডাক্টর তৈরিতে অপধাতু যেমন Si, Ge বেশি ব্যবহৃত হয়।

19. কোনটি পাইরোফসফরিক অ্যাসিডের সংকেত? [BAU : 14-15]

Ⓐ H_3PO_2 Ⓑ H_3PO_3
Ⓒ $H_4P_2O_7$ Ⓓ H_2PO_4

Ans C Solve "ইক" অ্যাসিডের 2 অণু থেকে 1 অনু পানি অপসারণ করে প্রাপ্ত অ্যাসিড কাঠামোকে পাইরো অ্যাসিড বলে।

$$2H_3PO_4 \xrightarrow{-H_2O} H_4P_2O_7$$
(পাইরো ফসফরিক অ্যাসিড)

20. কোনটি সামুদ্রিক শৈবাল হতে পাওয়া যায়? [BAU : 14-15]

Ⓐ F Ⓑ Br Ⓒ Cl Ⓓ I Ans D

21. কোন আকরিক থেকে পারদ নিষ্কাষন করা হয়? [BAU : 14-15]

Ⓐ গ্যালেনা Ⓑ জিংক ব্লান্ড Ⓒ সিনাবার Ⓓ অরপিমেন্ট

Ans C Solve সিনবার এর সংকেত HgS

22. প্লাস্টার অব প্যারিস এর রাসায়নিক সংকেত কোনটি? [BAU : 14-15]

Ⓐ $(CaSO_4)_2.H_2O$ Ⓑ $CaSO_4.2H_2O$
Ⓒ $MgSO_4$ Ⓓ $CaSO_4.MgSO_4$ Ans A

23. স্টেইনলেস স্টীলে কতভাগ ক্রোমিয়াম থাকে? [BAU : 13-14]

Ⓐ 8% Ⓑ 18% Ⓒ 22% Ⓓ 10%

Ans B Solve স্টেনলেস স্টীলের শতকরা সংযুক্তি : 73% Fe + 18% Cr + 8% Ni + 1% C

24. ক্যান্সার চিকিৎসায় কোন তেজস্ক্রিয় মৌল ব্যবহৃত হয়? [BAU : 13-14]

Ⓐ Na^{24} Ⓑ P^{12} Ⓒ Co^{60} Ⓓ C^{131} Ans C

25. পর্যায় সারণির গ্রুপ IA তে কয়টি মৌল আছে? [BAU : 13-14]

Ⓐ 4 টি Ⓑ 5 টি Ⓒ 6 টি Ⓓ 7 টি Ans D

26. কোনটিতে হাইড্রোজেন বন্ধন গঠনের প্রবণতা বেশি? [BAU : 13-14]

Ⓐ PH_3 Ⓑ NH_3 Ⓒ AsH_3 Ⓓ SbH_3

Ans B Solve ফ্লোরিন, অক্সিজেন, নাইট্রোজেন অধিক তড়িৎঋণাত্বক মৌল হওয়ায় সহজে হাইড্রোজেন বন্ধন গঠন করে।

27. হ্যালোজেন সমূহের জারণ ক্ষমতার ক্রম কী? [BAU : 13-14]

Ⓐ F > Cl > Br > I Ⓑ I > Br > Cl > F
Ⓒ Cl > Br > I > F Ⓓ I > F > Br > Cl

Ans A Solve

হ্যালোজেনের ইলেকট্রন আসক্তি ক্রম : Cl > F > Br > I > At

হ্যালোজেনের তড়িৎ ঋনাত্বকতার ক্রম : I < Br < Cl < F

হ্যালোজেনের সক্রিয়তার ক্রম : I < Br < Cl < F

28. কত তাপমাত্রায় উত্তপ্ত করলে হীরক গ্রাফাইটে পরিণত হয়? [BAU : 13-14]

Ⓐ 500°C Ⓑ 800°C Ⓒ 1000°C Ⓓ 1500°C

Ans C Solve $C(D) \xrightarrow{1000°C} C(G)\ \Delta H{-}2.1 KJ\ mol^{-1}$

29. মিউরেট অব পটাশ এ কী পরিমাণ K থাকে? [BAU : 13-14]

Ⓐ 40% Ⓑ 50%
Ⓒ 60% Ⓓ 70% Ans C

30. Epsom salt এর সংকেত কোনটি? [BAU : 13-14]

Ⓐ $FeSO_4.7H_2O$ Ⓑ $CuSO_4.5H_2O$
Ⓒ $ZnSO_4.7H_2O$ Ⓓ $MgSO_4.7H_2O$ Ans D

31. জার্মান সিলভার কোন সংকর ধাতু? [BAU : 13-14]

Ⓐ Zn, Cu ও Sn Ⓑ Cu, Zn ও Ni
Ⓒ Cu, Zn ও Fe Ⓓ Cu ও Sn Ans B

32. প্লাস্টার অব প্যারিস কোনটি? [BAU : 12-13]

Ⓐ $CaCO_3$ Ⓑ $(CaSO_4)_2H_2O$
Ⓒ $CaSO_42H_2O$ Ⓓ $Ca_3(PO_4)_2$ Ans B

33. যে সকল পরমাণুর প্রোটন সংখ্যা সমান, কিন্তু ভর সংখ্যা ভিন্ন, তাদেরকে কী বলে? [BAU : 12-13]

Ⓐ আইসোটোপ Ⓑ আইসোবার
Ⓒ আইসোমার Ⓓ আইসোটন

Ans A Solve টেকনিক : আইসোটোপ→ শেষে 'প' মানে প্রোটন সংখ্যা সমান।
আইসোবার → শেষে 'র' মানে ভর সংখ্যা সমান।
আইসোটোন→ শেষে 'ন' মানে নিউট্রন সংখ্যা সমান।

34. ক্ষার ধাতু বলা হয় কোন গ্রুপের মৌলসমূহকে? [BAU : 12-13]

Ⓐ IA Ⓑ IB Ⓒ IIA Ⓓ IIB

Ans A Solve IA→ ক্ষার ধাতু
IB → মুদ্রা ধাতু
IIA → মৃৎক্ষার ধাতু

35. নিম্নের কোনটি নিষ্ক্রিয় গ্যাস? [BAU : 12-13]

Ⓐ O_2 Ⓑ N_2 Ⓒ CO_2 Ⓓ He

Ans D Solve নিষ্ক্রিয় গ্যাসের সংখ্যা 6 টি। যথা- He, Ne, Ar, Kr, Xe, Rn.

36. লেড নাইট্রেটকে উত্তপ্ত করলে কী উৎপন্ন হয়? [BAU : 12-13]

Ⓐ N_2O Ⓑ NO Ⓒ NO_2 Ⓓ N_2O_2

Ans C Solve লেড নাইট্রেটকে উত্তপ্ত করলে তা বিযোজিত হয়ে লেড অক্সাইড, বাদামি নাইট্রোজেন ডাইঅক্সাইড ও অক্সিজেন গ্যাস উৎপন্ন করে।

$$2Pb(NO_3)_2 \rightarrow 2PbO + 4NO_2 + O_2$$

37. Blue Vitriol-এর সংকেত কোনটি? [BAU : 12-13]

Ⓐ $ZnSO_4.7H_2O$ Ⓑ $FeSO_4.7H_2O$
Ⓒ $CuSO_4.5H_2O$ Ⓓ $MgSO_4.7H_2O$

Ans C Solve White Vitriol = $ZnSO_4.7H_2O$
Green Vitriol = $FeSO_4.7H_2O$
Blue Vitriol = $CuSO_4.5H_2O$
Red Vitriol = $CoSO_4.7H_2O$

38. নিচের যৌগসমূহের মধ্যে কোনটিকে লাফিং গ্যাস বলে? [BAU : 12-13]

Ⓐ NO Ⓑ N_2O Ⓒ N_2O_3 Ⓓ NO_2

Ans B Solve নাইট্রাস অক্সাইড নিঃশ্বাসের সঙ্গে গ্রহণ করলে স্নায়ুতন্ত্রে উত্তেজনার সৃষ্টি করে। ফলে হাসির উদ্রেক পায়। এজন্য নাইট্রাস অক্সাইড (N_2O) কে লাফিং গ্যাস বলে।

39. ডুবুরিরা অক্সিজেন সিলিন্ডারে মিশ্রণ হিসেবে কোন গ্যাস ব্যবহার করে? [BAU : 12-13]

Ⓐ He Ⓑ Ne
Ⓒ Xe Ⓓ Kr

Ans A Solve গভীর পানির ডুবুরিগণ এবং অধিক চাপে কর্মরত ব্যক্তিগণ 40% হিলিয়াম ও 20% অক্সিজেন মিশ্রণের সাহায্যে শ্বাস- প্রশ্বাস গ্রহণ করেন।

40. হীরকের গলনাঙ্ক কোনটি? [BAU : 11-12]

Ⓐ 1063° C Ⓑ 1540° C
Ⓒ 3600° C Ⓓ 4000° C Ans C

41. N_2 গ্যাসের স্ফুটনাঙ্ক কোনটি? [BAU : 11-12]

Ⓐ –196° C Ⓑ 196° C Ⓒ 100° C Ⓓ –111° C Ans A

42. প্রকৃতিতে শুষ্ক বাতাসে অক্সিজেনের পরিমাণ কত? [BAU : 11-12]

Ⓐ 15% Ⓑ 18% Ⓒ 21% Ⓓ 27%

Ans C Solve শুষ্ক বাতাসে,
নাইট্রোজেন = 78.09%
অক্সিজেন = 20.95%
আর্গন = 0.93%
কার্বন ডাই অক্সাইড = 0.039%

43. NaCl -এর গলনাঙ্ক কত? [BAU : 11-12]

Ⓐ 815°C Ⓑ 820°C
Ⓒ 830°C Ⓓ 800°C Ans D

Academic Admission all types study collection

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

44. বরফ শীতল পানিতে ডাইনাইট্রোজেন ট্রাইঅক্সাইড বিক্রিয়া করলে কী উৎপন্ন হয়? [BAU : 11-12]

Ⓐ HNO_3 Ⓑ N_2O_4 Ⓒ HNO_2 Ⓓ $NO+H_2$ **Ans C**

45. নিম্নের কোনটি Zn এর ইলেকট্রন বিন্যাস? [BAU : 11-12]

Ⓐ $[Ar]3d^74s^7$ Ⓑ $[Ar]3d^84s^2$
Ⓒ $[Ar]3d^{10}4s^4$ Ⓓ $[Ar]3d^{10}4s^2$ **Ans D**

46. কোন বন্ধনে অরবিটাল সরলরেখায় থাকে? [BAU : 11-12].

Ⓐ পাইবন্ধন Ⓑ সিগমা বন্ধন
Ⓒ সমযোজী বন্ধনে Ⓓ আয়নিক বন্ধনে

Ans B Solve সিগমাবন্ধনে অরবিটাল সরলরেখায় এবং পাইবন্ধনে অরবিটাল পাশাপাশি অবস্থান করে।

47. কোনটির মধ্যে সমযোজী ও আয়নিক উভয় প্রকৃতির বন্ধন উপস্থিত– [BAU : 10-11]

Ⓐ CCl_4 Ⓑ CaC_2
Ⓒ NH_4Cl Ⓓ H_2O **Ans C**

48. ক্লোরোফিলের মধ্যে কোন ধাতু বিদ্যমান – [BAU : 10-11]

Ⓐ Ca Ⓑ Ba Ⓒ Sr Ⓓ Mg **Ans D**

49. Fe^{2+}, Cu^{2+}, V^{3+}, Co^{2+} আয়নসমূহের বর্ণের ক্রম যথাক্রমে – [BAU : 10-11]

Ⓐ সবুজ, নীল ও গোলাপি
Ⓑ হালকা বাদামি, নীল, সবুজ ও বর্ণহীন
Ⓒ সবুজ, নীল, সবুজ ও গোলাপি
Ⓓ হালকা বাদামি, নীল, সবুজ ও রক্তবর্ণ

Ans C Solve অবস্থান্তর ধাতুসমূহের আয়নের বর্ণ

ধাতব্য আয়ন	বর্ণ	3d বিন্যাস
Fe^{2+}	সবুজ	$3d^6$
Cu^{2+}	নীল	$3d^9$
V^{3+}	সবুজ	$3d^2$
Co^{2+}	গোলাপি	$3d^7$

50. সালফার পরমাণুর চতুপার্শ্বের বন্ধনসমূহের মোট ইলেক্ট্রন সংখ্যা কত? [BAU : 09-10]

Ⓐ 4 Ⓑ 6 Ⓒ 8 Ⓓ 12

Ans B Solve সালফার পরমাণুর চতুপার্শ্বের বন্ধনসমূহের মোট ইলেকট্রন সংখ্যা 6টি।

51. কোনটি নিষ্ক্রিয় গ্যাস? [BAU : 09-10]

Ⓐ অক্সিজেন Ⓑ নাইট্রোজেন
Ⓒ কার্বন-ডাই-অক্সাইড Ⓓ হিলিয়াম

Ans D Solve নিষ্ক্রিয় গ্যাসগুলো হল :

১. হিলিয়াম ২. নিয়ন ৩. আর্গন
৪. ক্রিপ্টন ৫. জেনন ও. ৬. রেডন

52. ডুবুরিরা অক্সিজেনের সিলিন্ডারে মিশ্রণ হিসাবে কোন গ্যাস ব্যবহার করেন? [BAU : 09-10]

Ⓐ He Ⓑ Ne Ⓒ Xe Ⓓ Kr

Ans A Solve গভীর পানির ডুবুরিগণ এবং অধিকচাপে কর্মরত ব্যক্তিগণ 40% He ও 20% O_2 মিশ্রণের সাহায্যে শ্বাস-প্রশ্বাস গ্রহণ করে।

53. নিম্নের কোনটি কাঁদুনে গ্যাস হিসেবে পরিচিত? [BAU : 09-10]

Ⓐ ফস্‌জিন গ্যাস Ⓑ মাস্টার্ড গ্যাস Ⓒ মার্শ গ্যাস Ⓓ ক্লোরোপিক্রিন

Ans D Solve

$$CHCl_3 + HNO_3 \rightleftharpoons Cl_3{-}C{-}NO_2 + H_2O$$
(ক্লোরোপিকরিন)

উৎপন্ন ক্লোরোপিকরিন কাঁদুনে গ্যাসের উপাদান

54. নিচের কোনটি মৃৎক্ষারীয় মৃত্তিকা ধাতু? [BAU : 08-09]

Ⓐ Na Ⓑ K Ⓒ Ca Ⓓ Rb

Ans C Solve Be, Mg, Ca, Sr, Ba, Ra -এগুলো হলো- মৃৎক্ষার ধাতু। পর্যায় সারণিতে এদের অবস্থান II A গ্রুপে।

55. হ্যালোজেন পরমাণুর পারমানবিক সংখ্যা বৃদ্ধি পেলে নিচের কোনটি ঘটে? [BAU : 08-09]

Ⓐ ইলেকট্রোনেগেটিভিটি (electronegativity) হ্রাস পায়
Ⓑ আয়নাইজেশন শক্তি বৃদ্ধি পায়
Ⓒ গলনাঙ্ক হ্রাস পায় Ⓓ পরমাণুর ব্যাসার্ধ হ্রাস পায়

Ans A Solve আমরা জানি, একই পর্যায়ের উপর থেকে নিচের দিকে গেলে অর্থাৎ পারমাণবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে মৌলসমূহের ইলেকট্রোনেগেটিভিটি হ্রাস পায়।

56. নিচের কোনটি নিষ্ক্রিয় গ্যাস নয়? [BAU : 08-09]

Ⓐ He Ⓑ Ra Ⓒ Ne Ⓓ Xe

Ans B Solve নিষ্ক্রিয় গ্যাস সমূহ হল He, Ne, Ar, Kr, Xe, Rn

57. Ne এর ইলেকট্রন বিন্যাস কোনটি? [BAU : 08-09]

Ⓐ $1s^22s^22p^5$ Ⓑ $1s^22s^22p^6$
Ⓒ $1s^22s^22p^63s^1$ Ⓓ কোনোটিই নয়

Ans B Solve নিয়নের ইলেকট্রন বিন্যাস নিম্নরূপঃ

$$Ne\ (10) = 1s^2\ 2s^2\ 2p^6$$

58. নিচের কোন নিষ্ক্রিয় গ্যাস ফ্লোরিনের সাথে বিক্রিয়া করে? [BAU : 08-09]

Ⓐ জেনন Ⓑ নিয়ন Ⓒ আর্গন Ⓓ হিলিয়াম

Ans A Solve জেনন, ফ্লোরিনের সাথে বিক্রিয়া করে XeF_4, XeF_6 প্রভৃতি যৌগ উৎপন্ন করে।

59. অ্যাক্টিনাইড গ্রুপের সর্বশেষ মৌলের রাসায়নিক সংকেত- [BAU : 07-08]

Ⓐ Th Ⓑ U Ⓒ Lr Ⓓ Md

Ans C Solve

- অ্যাক্টিনাইড গ্রুপের সর্বশেষ মৌল লরেনসিয়াম এর রাসায়নিক সংকেত Lr।
- ল্যানথানাইড গ্রুপের সর্বশেষ মৌল লুটেসিয়াম এর রাসায়নিক সংকেত Lu।

60. লিমোনাইটের সংকেত হলো- [BAU : 07-08]

Ⓐ $Na_2CO_3.\ 10H_2O$ Ⓑ $2Fe_2O_3.3H_2O$
Ⓒ $Na_2B_4O_7.\ 10H_2O$ Ⓓ $MgSO_4.7H_2O$

Ans B Solve লৌহের কয়েকটি গুরুত্বপূর্ণ যৌগের সংকেতঃ

- লিমোনাইট – $2Fe_2O_3.3H_2O$
- ম্যাগনেটাইট – Fe_3O_4
- রেড হেমাটাইট – Fe_2O_3
- সাইডেরাইট বা স্প্যাথোজ – $FeCO_3$
- আয়রন পিরাইটস – FeS_2
- বোরাক্স – $Na_2B_4O_7.10H_2O$
- ইপসম লবণ – $MgSO_4.7H_2O$

61. নিচের কোনটি পানিতে অদ্রবণীয়? [BAU : 06-07].

Ⓐ $PbCl_2$ Ⓑ $PbBr_2$ Ⓒ CH_2I_2 Ⓓ Na_2SO_4

Ans C Solve CH_2I_2 সমযোজী ও অপোলার হওয়ায় তা পানিতে (পোলার দ্রাবক) অদ্রবনীয়।

62. নিষ্ক্রিয় গ্যাসের মধ্যে সুস্থিত যৌগের সংখ্যা- [BAU : 06-07]

Ⓐ 3টি Ⓑ 4টি Ⓒ 5টি Ⓓ 6টি

Ans C Solve নিষ্ক্রিয় গ্যাসের সুস্থিত যৌগগুলো হলঃ

i. XeF_4 ii. XeF_6 iii. XeF_2
iv. XeO_3 v. $XeOF_4$

63. নিষ্ক্রিয় গ্যাসের মধ্যে বায়ুমন্ডলে যা নেই তা হল- [BAU : 06-07]

Ⓐ আর্গন Ⓑ নিয়ন Ⓒ জেনন Ⓓ রেডন

Ans D Solve নিষ্ক্রিয় গ্যাস হল 6টি। এগুলো হল :

i. হিলিয়াম ii. নিয়ন iii. আর্গন
iv. ক্রিপ্টন v. জেনন ও vi. রেডন

এদের মধ্যে রেডন নিষ্ক্রিয় গ্যাসটি বায়ুমণ্ডলে পাওয়া যায় না।

Academic to Admission all types pdf collection

MEDISTRY

COLLECTION

You'll find here everything Exactly What You Need.

Join to our Channel to find Academic to Admission preparation

(Medical, Dental, Varsity & Engineering) All types of pdf.

64. কোনো মৌলের ইলেক্ট্রন বিন্যাস স্তর 2, 8, 18, 8, 1 হলে মৌলটির নাম কি? [BAU : 06-07]

Ⓐ K Ⓑ Rb Ⓒ Cs Ⓓ Mn

Ans B Solve মৌলের ইলেকট্রন বিন্যাসঃ 2, 8, 18, 8, 1

∴ মৌলের পারমাণবিক সংখ্যা = 2+8+18+8+1 = 37

∴ মৌলটি রুবিডিয়াম (Rb)

65. ফেরাস লবণ সমূহ হচ্ছে - [BAU : 06-07]

Ⓐ হালকা হলুদ বর্ণের Ⓑ হালকা সবুজ বর্ণের

Ⓒ গভীর নীল বর্ণের Ⓓ বেগুনী বর্ণের

Ans B Solve ধাতব আয়নের বর্ণ :

আয়ন	বর্ণ	আয়ন	বর্ণ
Sc^{3+}	বর্ণহীন	Fe^{3+}	হালকা বাদামী
Ti^{3+}	রক্তবর্ণ	Fe^{2+}	সবুজ
V^{3+}	সবুজ	Co^{2+}	গোলাপী
Cr^{3+}	হালকা সবুজ	Ni^{2+}	সবুজ
Mn^{3+}	বেগুনী	Cu^{2+}	নীল
Mn^{2+}	বর্ণহীন		

66. জার্মান সিলভার কোন সংকর ধাতু? [BAU : 06-07]

Ⓐ Zn, Cu, Sn Ⓑ Cu, Zn, Ni Ⓒ Cu, Zn, Fe Ⓓ Cu, Sn

Ans B Solve

i. জার্মান সিলভারঃ Cu, Zn, Ni ii. ইস্পাতঃ Fe, C

iii. মরিচাহীন ইস্পাতঃ Fe, C, Cr, Ni iv. ক্রোম ইস্পাতঃ Fe, C, Cr

v. ম্যাঙ্গানিজ ইস্পাতঃ Fe, C, Mn vi. ব্রাস বা পিতলঃ Cu, Zn

vii. ব্রোঞ্জ বা কাসাঃ Cu, Zn viii. নিক্রোমঃ Ni, Cr

67. কোনটি ক্রোমিয়ামের আকরিক নয়? [BAU : 06-07]

Ⓐ Cr_3O_4 Ⓑ $FeCr_2O_4$ Ⓒ $PbCrO_4$ Ⓓ Cr_2O_3

Ans A Solve ক্রোমিয়ামের আকরিকঃ

i. ক্রোমাইট → $FeCr_2O_4$

ii. ক্রোকয়েট → $PbCrO_4$

iii. ক্রোমকোর → Cr_2O_3

68. মুদ্রা ধাতু বলা হয় কোন গ্রুপের মৌল সমূহকে? [BAU : 06-07]

Ⓐ গ্রুপ IIB Ⓑ গ্রুপ VIB

Ⓒ গ্রুপ IB Ⓓ গ্রুপ IIIB **Ans C**

69. নিচের যৌগ সমূহের বিজারণ ক্ষমতার সঠিক ক্রম কোনটি? [BAU : 06-07]

Ⓐ $NH_3>PH_3>AsH_3>SbH_3$ Ⓑ $SbH_3>AsH_3>PH_3>SbH_3$

Ⓒ $NH_3>AsH_3>PH_3>SbH_3$ Ⓓ $AsH_3>PH_3>NH_3>SbH_3$

Ans A Solve এক্ষেত্রে বিজারণ ক্ষমতার সঠিক ক্রমটি হল :

$NH_3 > PH_3 > AsH_3 > SbH_3$

70. কোনটি সঠিক? [BAU : 06-07]

Ⓐ অ্যানায়নের দ্বারা ক্যাটায়নের পোলারায়ন কম হয়

Ⓑ অ্যানায়নের দ্বারা ক্যাটায়নের পোলারায়ন বেশি হয়

Ⓒ ক্যাটায়নের দ্বারা অ্যানায়নের পোলারায়ন কম হয়

Ⓓ কোনোটিই নয় **Ans A**

71. হীরকের প্রতিটি কার্বন পরমাণুতে কী ধরনের সংকরণ ঘটে? [BAU : 06-07]

Ⓐ sp^3 Ⓑ sp^2 Ⓒ sp Ⓓ কোনোটিই নয়

Ans A Solve • হীরকের প্রতিটি কার্বন পরমাণু sp^3 সংকরিত।

• গ্রাফাইটের প্রতিটি কার্বন পরমাণু sp^2 সংকরিত।

72. ল্যান্থানাইড সারির সর্বশেষ মৌলের রাসায়নিক সংকেত- [BAU : 06-07]

Ⓐ No Ⓑ Lu Ⓒ Mo Ⓓ Fm **Ans B**

73. P_2O_5 যৌগটি হচ্ছে একটি- [BAU : 06-07]

Ⓐ কঠিন পদার্থ Ⓑ তরল পদার্থ Ⓒ গ্যাসীয় পদার্থ Ⓓ ফ্লুইড জাতীয় পদার্থ

Ans A Solve P_2O_5 যৌগটি একটি কঠিন পদার্থ।

74. Cu, Ni, Fe, Mn- এই সংকর ধাতুর নাম কি? [BAU : 06-07]

Ⓐ পিতল Ⓑ বেল মেটাল Ⓒ জার্মান সিলভার Ⓓ মোনেল মেটাল

Ans D Solve

১. কাঁসা → Cu, Sn	৫. জার্মান সিলভার → Cu, Zn, Ni
২. পিতল → Cu, Zn	৬. মোনেল মেটাল → Cu, Ni, Fe, Mn
৩. স্পাইজেল → Fe, C, Mn	৭. ডুরালুমিন → Al, Mn, Cu, Mg
৪. ক্রোম ইস্পাত → Fe, C, Cr	৮. মরিচাহীন ইস্পাত → Fe, C, Cr, Ni

75. $ZnO.Fe_2O_3$ -এই আকরিকটির নাম কি? [BAU : 06-07]

Ⓐ জিংকাইট Ⓑ উইলিমাইট Ⓒ ফ্রাংকলিনাইট Ⓓ ক্যালামাইন

Ans C Solve Zn এর আকরিক সমূহ :

1. জিংক ব্লেন্ড বা ব্ল্যাক অ্যাস → ZnS
2. জিনসাইট → ZnO
3. ফ্রাংকলিনাইট → $ZnO.Fe_2O_3$
4. ক্যালামাইন → $ZnCO_3$

76. কোন মৌলের ক্ষেত্রে +5 জারণ অবস্থায় যৌগ গঠিত হয় না? [BAU : 05-06]

Ⓐ PCl_5 Ⓑ $SbCl_5$ Ⓒ NCl_5 Ⓓ $AsCl_5$

Ans C Solve N এর ইলেকট্রন বিন্যাসে d অরবিটাল না থাকায়, NCl_5 এর ক্ষেত্রে +5 জারণ অবস্থা সম্ভব নয়।

77. কোনটিতে হাইড্রোজেন বন্ধন গঠনের প্রবণতা বেশী? [BAU : 05-06]

Ⓐ PH_3 Ⓑ NH_3

Ⓒ AsH_3 Ⓓ SbH_3

Ans B Solve এক্ষেত্রে PH_3, AsH_3 ও SbH_3 যৌগের H বন্ধন গঠনের প্রবণতা NH_3 এর তুলনায় কম।

78. কোনটি অপধাতু? [BAU : 05-06]

Ⓐ বিসমাথ Ⓑ ফসফরাস Ⓒ আর্সেনিক Ⓓ অ্যান্টিমনি

Ans C,D Solve

অপদার্থ → অপধাতু; শৈশব → Si, Sb; আস্তে → As, Te; বসে → B, Se; গেল → Ge

79. কোনটি ডায়াম্যাগনেটিক ধাতু? [BAU : 05-06]

Ⓐ Fe Ⓑ Zn Ⓒ Co Ⓓ Ni

Ans B Solve • Fe,Co,Ni ফেরোম্যাগনেটিক ধাতু।

• Zn ডায়াম্যাগনেটিক ধাতু।

80. গ্লুবার লবণের আণবিক সংকেত কোনটি? [BAU : 05-06]

Ⓐ $Na_2SO_4.7H_2O$ Ⓑ $Na_2SO_4.5H_2O$

Ⓒ $Na_2SO_4.10H_2O$ Ⓓ $Na_2SO_4.8H_2O$

Ans C Solve • কাপড় কাচার সোডা : $Na_2CO_3.10H_2O$

• বোরাক্স/সোহাগা : $Na_2B_4O_7.10H_2O$

• ইপসাম লবণ : $MgSO_4.7H_2O$

• ভিট্রিওল'স (সালফেট লবণ + H_2O) :

→ সবুজ (Fe^{2+}) : $FeSO_4.7H_2O$

→ নীল (Cu^{2+}) : $CuSO_4.5H_2O$

→ সাদা/বর্ণহীন (Zn^{2+}) : $ZnSO_4.7H_2O$

81. নিচের কোনটি আর্দ্র বিশ্লেষিত হয় না? [BAU : 05-06]

Ⓐ NF_3 Ⓑ NCl_3 Ⓒ PCl_3 Ⓓ $BiCl_3$

Ans A Solve NF_3 ব্যাতিত N এবং P -এর অন্যান্য হ্যালাইডসমূহ আর্দ্র বিশ্লেষিত হয়।

82. সালফারের বহুরূপতার ক্ষেত্রে কোনটি সঠিক? [BAU : 05-06]

Ⓐ এনানসিওট্রোপিক Ⓑ মনোট্রপিক

Ⓒ A ও B উভয়েই Ⓓ কোনোটিই নয় **Ans A**

83. $[Ar]3d^{10}4s^2$ কোন মৌলের ইলেকট্রন বিন্যাস? [BAU : 05-06]

Ⓐ Zn Ⓑ Cu Ⓒ Ni Ⓓ Co

Ans A Solve $Zn(30) \rightarrow [Ar]\ 3d^{10}\ 4s^2$

$Cu(29) \rightarrow [Ar]\ 3d^{10}\ 4s^1$

$Ni(28) \rightarrow [Ar]\ 4s^2\ 3d^8$

$Co(27) \rightarrow [Ar]\ 4s^2\ 3d^7$

84. কোন ইলেকট্রন মৌলসমূহের ধর্মের নিয়ন্ত্রক? [BAU : 05-06]

Ⓐ 4s Ⓑ 3d Ⓒ 4d Ⓓ কোনোটিই নয় **Ans D**

85. $[Cu(NH_3)_4]^{2+}$ জটিল আয়নের আকৃতি কোন ধরণের? [BAU : 05-06]

Ⓐ চতুষতলকীয় Ⓑ অষ্টতলকীয়

Ⓒ সমতলীয় বর্গাকৃতি Ⓓ অসমতলীয় বর্গাকৃতি

Ans C Solve $[Cu(NH_3)_4]^{2+}$ জটিল আয়নের সংকরণ dsp^2 এবং আকৃতি সমতলীয় বর্গাকৃতি।

86. ফেরিক ফেরোসায়ানাইড দ্রবণের বর্ণ কোনটি? [BAU : 05-06]

Ⓐ সবুজ Ⓑ বাদামী Ⓒ নীল Ⓓ হলুদ

Ans C Solve

- ফেরাস, Fe^{2+} ($Fe(OH)_2$, $FeCl_2$) : সবুজ
- ফেরিক, Fe^{3+} ($Fe(OH)_2$, $FeCl_3$) : বাদামী
- ফেরাস ফেরোসায়ানাইড, $\overset{+2}{Fe}_2\left[\overset{+2}{Fe}(CN)_6\right]$: হালকা নীল
- ফেরিক ফেরোসায়ানাইড, $\overset{+3}{Fe}_4\left[\overset{+2}{Fe}(CN)_6\right]_3$: গাঢ় নীল
- ফেরাস ফেরিসায়ানাইড, $\overset{+2}{Fe}\left[\overset{+3}{Fe}(CN)_6\right]^-$: গাঢ় নীল
- ফেরিক ফেরিসায়ানাইড, $\overset{+3}{Fe}\left[\overset{+3}{Fe}(CN)_6\right]$: বাদামী

87. Cu(29) এর কোন ইলেকট্রন বিন্যাসটি স্থিতিশীল? [BAU : 05-06]

Ⓐ $3d^9 4s^2$ Ⓑ $3d^{10} 4s^1$

Ⓒ $3d^8 4s^2 4p^1$ Ⓓ $3d^7 4s^2 4p^2$ **Ans B**

88. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^7 4s^2$ এই ইলেকট্রন বিন্যাসটি কোন গ্রুপের মৌলের? [BAU : 05-06]

Ⓐ গ্রুপ VIII Ⓑ গ্রুপ VII Ⓒ গ্রুপ III Ⓓ গ্রুপ II

Ans A Solve প্রদত্ত ইলেকট্রন বিন্যাসটি গ্রুপ VIII এর মৌলের।

89. $1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^5 4s^1$ এই ইলেকট্রন বিন্যাসটি কোন মৌলের? [BAU : 05-06]

Ⓐ Co Ⓑ Mn Ⓒ Cr Ⓓ Ni **Ans C**

90. কত উষ্ণতায় উত্তপ্ত করলে হীরক গ্রাফাইটে পরিণত হয়? [BAU : 05-06]

Ⓐ 800°C Ⓑ 1000°C Ⓒ 1500°C Ⓓ 500°C

Ans B Solve 1000° তাপমাত্রায় হীরক গ্রাফাইটে পরিণত হয়।

অর্থাৎ হীরক $\xrightarrow[1000°C]{\text{তাপ}}$ গ্রাফাইট

91. হাইড্রোক্সাইডের দ্রাব্যতার ক্রম সঠিক কোনটি? [BAU : 05-06]

Ⓐ $Ba(OH)_2 > Sr(OH)_2 > Ca(OH)_2 > Mg(OH)_2$

Ⓑ $Ba(OH)_2 > Mg(OH)_2 > Ca(OH)_2 > Sr(OH)_2$

Ⓒ $Mg(OH)_2 > Ca(OH)_2 > Sr(OH)_2 > Br(OH)_2$

Ⓓ $Sr(OH)_2 > Ba(OH)_2 > Mg(OH)_2 > Ca(OH)_2$

Ans A Solve

- হাইড্রোক্সাইডের দ্রাব্যতার ক্রম : Be<Mg<Ca<Sr<Ba<Ra
- NO_3^- ও CO_3^{2-} লবণের বিয়োজন তাপমাত্রার ক্রম : Be<Mg<Ca<Sr<Ba<Ra.
- সালফেটের দ্রাব্যতার ক্রম : Be>Mg>Ca>Sr>Ba>Ra

92. টারকুইজ কোন ধাতুর আকরিক? [BAU : 05-06]

Ⓐ Fe Ⓑ Zn Ⓒ Al Ⓓ Mn

Ans C Solve টারকুইজ অ্যালুমিনিয়াম ধাতুর আকরিক।

93. অ্যালনিকো কোন ধাতুর সংকর? [BAU : 05-06]

Ⓐ Al, Fe, Cu এবং Mn Ⓑ Al, Ni, Co এবং Mn

Ⓒ Al, Fe, Cu এবং Mg Ⓓ Al, Fe, Ni এবং Co

Ans D Solve অ্যালনিকো Al, Fe, Ni এবং Co ধাতুর সংকর।

94. নিচের কোনটি স্ফুটনাংকের কাছাকাছি তাপমাত্রায় হাইড্রোজেন বন্ধনের সাহায্যে জোড় বেঁধে ডাইমার রুপে অবস্থান করে। [BAU : 05-06]

Ⓐ অ্যাসিটালডিহাইড Ⓑ ফরমিক এসিড

Ⓒ ইথাইল অ্যালকোহল Ⓓ অ্যাসিটিক এসিড **Ans D**

95. পর্যায় সারণীতে Mn এর অবস্থান কোথায়? [BAU : 05-06]

Ⓐ পর্যায় তৃতীয় এবং গ্রুপ IIB Ⓑ পর্যায় চতুর্থ এবং গ্রুপ VIIB

Ⓒ পর্যায় দ্বিতীয় এবং গ্রুপ VIB Ⓓ পর্যায় প্রথম এবং গ্রুপ VA

Ans B Solve পর্যায় সারনীতে Mn এর অবস্থান চতুর্থ পর্যায়ে এবং গ্রুপ VIIB তে।

$Mn(25) \rightarrow 1s^2\ 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^5\ 4s^2 \rightarrow$ গ্রুপ পর্যায়।

96. স্টেইনলেস স্টীলের কত ভাগ ক্রোমিয়াম থাকে? [BAU : 05-06]

Ⓐ 8% Ⓑ 18% Ⓒ 22% Ⓓ 10%

Ans B Solve স্টেনলেস স্টিলে (মরিচাহীন ইস্পাত) : Fe (73%) + Cr (18%) + Ni (8%) + C (1%)

97. প্রথম অবস্থান্তর সারির মৌল সমূহের বহিস্তর ইলেক্ট্রন বিন্যাস কোনটি? [BAU : 04-05]

Ⓐ $5d^{1-10}6s^{1-2}$ Ⓑ $6d^{1-10}7s^{1-2}$ Ⓒ $3d^{1-10}4s^{1-2}$ Ⓒ $4d^{1-10}5s^{1-2}$

Ans C Solve 3d ব্লক মৌল সমূহকে ১ম অবস্থান্তর মৌল বলে Ti(22) থেকে Cu(29) পর্যন্ত। যেমন: $Fe(26) \rightarrow [Ar]\ 3d^6 4s^2$ অর্থাৎ বহিঃস্তরের ইলেকট্রন বিন্যাস $3d^{1-10}\ 4s^{1-2}$

98. কোনটিকে নাইট্রিক অ্যানহাইড্রাইড বলা হয়? [BAU : 04-05]

Ⓐ N_2O_5 Ⓑ NO_2 Ⓒ N_2O Ⓓ NO

Ans A Solve $N_2O_3 \rightarrow$ নাইট্রাস (HNO_2)- অ্যানহাইড্রেট

$NO_2 \rightarrow$ মিশ্র অ্যানহাইড্রেট

$N_2O_5 \rightarrow$ নাইট্রিক (HNO_3)- অ্যানহাইড্রেট।

99. গ্রুপ V এর মৌলসমূহের পারমানবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে আয়নিকরণ শক্তির কোনটি ঘটে? [BAU : 04-05]

Ⓐ শক্তি হ্রাস পায় Ⓑ শক্তি বৃদ্ধি পায়

Ⓒ শক্তি হ্রাস-বৃদ্ধি উভয় ঘটে Ⓓ কোনোটিই নয়

Ans A Solve পর্যায় সারণীতে একই গ্রুপে পারমানবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে আয়নীকরণ শক্তি কমতে থাকে। কারণ একই শ্রেণীতে পারমানবিক সংখ্যা বৃদ্ধির সাথে সাথে ইলেকট্রনের স্তর বাড়তে থাকে। ফলে সর্ববহিঃস্থ ইলেকট্রন নিউক্লিয়াস থেকে ক্রমশ দূরবর্তী হয়। ফলে উহার উপর নিউক্লিয়াসের আকর্ষণ কমতে থাকে এবং আয়নীকরণ শক্তি কমে যায়।

100. $2CuCO_3.Cu(OH)_2$ এই আকরিকটির নাম কী? [BAU : 04-05]

Ⓐ ম্যালাকাইট Ⓑ অ্যাজুরাইট Ⓒ কিউপ্রাইট Ⓓ ম্যালাকোনাইট


Ans B Solve

কপার গ্লাস	$= Cu_2S$
কপার পাইরাইটস	$= CuFeS_2$
ম্যালাকাইট	$= CuCO_3.Cu(OH)_2$
অ্যাজুরাইট	$= 2CuCO_3.Cu(OH)_2$
ম্যালাকোনাইট	$= CuO$
ক্লাইসোকোলা	$= CuSiO_3.2H_2O$

101. ফেরোসায়ানাইড জটিল আয়নে কয়টি লিগ্যান্ড বিদ্যমান? [BAU : 04-05]

Ⓐ 4 Ⓑ 6 Ⓒ 3 Ⓓ 5

Ans B Solve



; $[Fe(CN)_6]^{4-}$

জটিল যৌগটিতে 6টি লিগ্যান্ড আছে।

102. Ni^{2+} ধাতব আয়নের 3d বিন্যাস কোনটি? [BAU : 04-05]

Ⓐ $3d^9$ Ⓑ $3d^{10}$ Ⓒ $3d^5$ Ⓓ $3d^8$

Ans D Solve $Ni^{2+}(28) \rightarrow 1s^2 2s^2 2p^6 3s^2 3p^6 3d^8$

Acrylic paint available on all types of pdf publication

103.লৌহ লবণের দ্রবণে পটাশিয়াম ফেরিসায়ানাইড যোগ করলে গাঢ় নীল অধঃক্ষেপ পড়ে কোনটির? [BAU : 04-05]

Ⓐ $Fe[Fe(CN)_6]$ Ⓑ $KFe[Fe(CN)_6]$
Ⓒ $K_4[Fe(CN)_6]$ Ⓓ $K_2Fe[Fe(CN)_6]$

Ans B Solve ফেরাস ফেরিসায়ানাইড আয়নের অধঃক্ষেপ পড়বে।

$FeSO_4(aq) + K_3[Fe(CN)_6](aq) \rightarrow KFe[Fe(CN)_6](s)\downarrow + K_2SO_4(aq)$

104.Cr^{3+} আয়নের বর্ণ কোনটি? [BAU : 04-05]

Ⓐ কমলা Ⓑ নীল Ⓒ সবুজ Ⓓ হলুদ

Ans C Solve
$Cr^{3+} \rightarrow$ সবুজ $Mn^{2+} \rightarrow$ ধূসর
$Fe^{2+} \rightarrow$ সবুজ $Fe^{3+} \rightarrow$ বাদামী
$Co^{2+} \rightarrow$ গোলাপি $Ni^{2+} \rightarrow$ সবুজ
$Cu^{2+} \rightarrow$ হালকা নীল $Zn^{2+} \rightarrow$ সাদা

105.গান মেটাল কোন কোন ধাতুর সংকর? [BAU : 04-05]

Ⓐ Zn, Cu Ⓑ Zn, Ni Ⓒ Ni, Cu Ⓓ Cu, Fe

Ans A Solve
গানমেটাল = Zn, Sn, Cu
পিতল = Cu, Zn
কাসা = Cu, Sn

106.$CaBr_2$ পানিতে দ্রবণীয় কারণ-[BAU : 04-05]

Ⓐ হাইড্রেশন এনথালপি > ল্যাটিস এনথালপি
Ⓑ ল্যাটিস এনথালপি > হাইড্রেশন এনথালপি
Ⓒ ল্যাটিস এনথালপি = হাইড্রেশন এনথালপি
Ⓓ কোনোটিই নয়

Ans A Solve কোন যৌগের হাইড্রেশন এনথালপি ল্যাটিস এনথালপির চেয়ে বেশী হলে তা পানিতে দ্রবনীয়।

107.Mn(25) এর ইলেক্ট্রন বিন্যাস কোনটি? [BAU : 04-05]

Ⓐ $[Ar]\ 3d^7 4s^2$ Ⓑ $[Ar]\ 3d^5 4s^2$ Ⓒ $[Ar]\ 3d^9 4s^0$ Ⓓ $[Ar]\ 3d^{10} 4s^2$

Ans B Solve $Mn(25) \rightarrow [Ar]\ 3d^5\ 4s^2$

108.পর্যায় সারণীতে Ni এর অবস্থান কোথায়? [BAU : 04-05]

Ⓐ তৃতীয় পর্যায় গ্রুপ VIII Ⓑ চতুর্থ পর্যায় গ্রুপ VIII
Ⓒ চতুর্থ পর্যায় গ্রুপ IB Ⓓ পঞ্চম পর্যায় গ্রুপ VIIB

Ans B Solve $Ni(28) \rightarrow 1s^2 2s^2\ 2p^6\ 3s^2\ 3p^6\ 3d^8\ 4s^2$
এখানে সর্বোচ্চ প্রধান কোয়ান্টম সংখ্যা 4 তাই মৌলটি চতুর্থ পর্যায়ে অবস্থিত। আবার সর্ববহিঃস্থ স্তরের ইলেকট্রন বিন্যাস $(n-1)d^8\ ns^2$ সুতরাং গ্রুপ VIII.

109.$N_2+3H_2 \rightleftharpoons 2NH_3$ + তাপ, এই তাপ উৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রা বৃদ্ধি করলে কী ঘটে? [BAU : 04-05]

Ⓐ সাম্যাঙ্কের মান হ্রাস পায় Ⓑ সাম্যাঙ্কের মান বৃদ্ধি পায়
Ⓒ সাম্যাঙ্কের মানের কোন পরিবর্তন হয় না
Ⓓ কোনোটিই না

Ans A Solve তাপ উৎপাদী বিক্রিয়ায় তাপমাত্রা বাড়ালে সাম্যাঙ্ক হ্রাস পায়। তাপহারী বিক্রিয়ায় তাপমাত্রা বাড়ালে সাম্যাঙ্ক বৃদ্ধি পায়।

110.কোনটি সঠিক? গ্রুপ V এর মৌলগুলির +5 জারণ সংখ্যার স্থায়িত্বক্রম কোনটি? [BAU : 04-05]

Ⓐ $N_2O_5 > P_2O_5 > As_2O_5 > Sb_2O_5$ Ⓑ $Na_2O_5 > P_2O_5 > As_2O_5 > As_2O_5$
Ⓒ $Na_2O_5 > As_2O_5 > P_2O_5 > Sb_2O_5$ Ⓓ $Sb_2O_5 > As_2O_5 > P_2O_5 > Na_2O_5$

Ans A Solve +5 জারণ অবস্থার স্থায়িত্ব ক্রম।
$N_2O_5 > P_2O_5 > As_2O_5 > Sb_2O_5$

111.কেওলিন কোন ধাতুর আকরিক? [BAU : 04-05]

Ⓐ Zn Ⓑ Mg Ⓒ Al Ⓓ Cu

Ans C Solve কেউলিন = $Al_2O_3.2SiO_2.2H_2O$

112.কোন অণুটি মেরু প্রকৃতির নয়- [BAU : 03-04]

Ⓐ HF Ⓑ CH_3Cl Ⓒ N_2 Ⓓ HNO_3

Ans C Solve H^+F^-; $CH_3^+Cl^-$; $H^+NO_3^-$
কিন্তু N_2 একটি একক মৌলিক গ্যাস। তাই এটি মেরু প্রকৃতির নয়।

113.ক্লোরিন হাইড্রোজেন অপেক্ষা শেয়ারকৃত ইলেকট্রন যুগলকে- [BAU : 03-04]

Ⓐ কম আকর্ষণ করে Ⓑ অধিকতর আকর্ষণ করে
Ⓒ মোটেও আকর্ষণ করে না Ⓓ বিকর্ষণ করে

Ans B Solve ক্লোরিনের ইলেক্ট্রোনেগেটিভিটি বেশী হওয়ায় শেয়ারকৃত ইলেকট্রন যুগল এটি বেশী আকর্ষণ করে।

114.জৈব এসিড সমূহের স্ফুটনাংক বেশী হবার কারণ- [BAU : 03-04]

Ⓐ অণুসমুহের মধ্যে হাইড্রোজেন বন্ধনের ফলে
Ⓑ অণুসমূহের মধ্যে পাই বন্ধনের ফলে
Ⓒ অণুসমূহের মধ্যে সিগমা বন্ধনের ফলে
Ⓓ অণুসমুহের মধ্যে কোনরূপ বন্ধন না ফলে

Ans A Solve অ্যালকোহল এবং জৈব এসিডের অণুসমূহে আন্তঃআণবিক H-Bond দ্বারা যুক্ত থাকায় এদের স্ফুটনাংক বেশি।

Ⓐ 5.92 min Ⓑ 29.6 min Ⓒ 95.2 min Ⓓ 59.2 min

Ans D Solve $k = \frac{1}{t} \ln \frac{a}{a-x} = \frac{1}{15} \ln \frac{0.62}{0.52} = 0.0117$ min^{-1}

$T_{1/2} = \frac{\ln 2}{k} = 59.2$ min

21. একটি ফলের রসে হাইড্রোজেন আয়নের ঘনত্ব 3.3×10^{-2}M হলে ঐ রসের pH কত? [SAU: 13-14]

Ⓐ 2.00 Ⓑ 1.48 Ⓒ 4.48 Ⓓ 2.18

Ans B Solve $pH = -\log (3.3 \times 10^{-2}) = 1.48$

22. 10 গ্রাম পানি 4° সে. থেকে 14° সে. তাপমাত্রায় উন্নীত করতে কত ক্যালরি তাপ প্রয়োজন? [SAU: 13-14]

Ⓐ 10 Calories Ⓑ 14 Calories

Ⓒ 100 Calories Ⓓ 140 Calories

Ans C Solve $H = mS\Delta Q = 10g \times 1cal\ g^{-1}\ C^{-1} \times 10°C = 100$ cal

23. কোনটি দ্বি-আণবিক বিক্রিয়া? [SAU: 13-14]

Ⓐ $PCl_5 \leftrightarrow PCl_3 + Cl_2$ Ⓑ $2FeCl_3 + H_2S \rightarrow 2FeCl_2 + S + 2HCl$

Ⓒ $O_3 \rightarrow O_2 + [O]$ Ⓓ $2NO_2 \rightarrow N_2O_4$

Ans D Solve কোন বিক্রিয়ায় অংশগ্রহণকারী বিক্রিয়কের অণুর সংখ্যা ২ হলে, তাকে দ্বি-আণবিক বিক্রিয়া বলে।

24. 1 mol পানিতে H_2SO_4 এর দ্রবণের ইনটিগ্রাল তাপ (Integral heat) কত? [SAU: 12-13]

Ⓐ – 35.5 kJ Ⓑ – 30.5 kJ

Ⓒ 30.5 kJ Ⓓ – 37.5 kJ Ans B

25. যদি কোন দ্রবণের $[OH^-] = 3.4 \times 10^{-5}$ M হয় তাহলে দ্রবণটির pH কত? [SAU : 12-13]

Ⓐ 9.53 Ⓑ 3.63 Ⓒ 4.99 Ⓓ 8.29

Ans A Solve $pOH = -\log [OH^-] = -\log (3.4 \times 10^{-5}) = 4.47$

$\therefore pH = 14 - pOH = 9.53$

26. কোন এনজাইম স্টার্চকে আর্দ্র বিশ্লেষণের মাধ্যমে মাল্টোজে পরিণত করে? [SAU : 12-13]

Ⓐ ম্যাল্টেজ Ⓑ ইনসুলিন

Ⓒ জাইমেজ Ⓓ ডায়াস্টেজ Ans D

28. 12g গ্রাফাইট কার্বনকে পোড়ালে কত KJ তাপ উৎপন্ন হবে? [SAU: 10-11]

Ⓐ 393.4 Ⓑ 390.4

Ⓒ -391.0 Ⓓ -370.5

Ans A Solve কার্বনের দহনতাপ 393.4 kJ অর্থাৎ,

$C + O_2 \rightarrow CO_2$; ΔH = – 393.4 kJ (12g বা 1 mol)

29. 0.1M এসিটিক এসিডের 10mL দ্রবণে 0.1M সোডিয়াম হাইড্রক্সাইডের 4mL দ্রবণ যোগ করলে উৎপন্ন দ্রবণের pH কত হবে? (pk_a = 4.74) [SAU: 10-11]

Ⓐ 3.38 Ⓑ 4.42 Ⓒ 3.51 Ⓓ 4.58

Ans D Solve

$CH_3COOH + NaOH \longrightarrow CH_3COONa + H_2O$

10mL 0.1M 4mL 0.1M 4mL 0.1M

$\therefore$ দ্রবণে অবশিষ্ট CH_3COOH = (10 – 4) mL = 6 mL

এখন, $pH = pka + \log \frac{[Salt]}{[Acid]}$

$= 4.74 + \log \frac{(0.4 \times 1)}{(0.6 \times 1)}$

$= 4.58$

30. চোখের পানির pH কত? [SAU: 10-11]

Ⓐ 6.4-6.7 Ⓑ 5.8-7.0

Ⓒ 4.8-7.5 Ⓓ 6.6-6.9 Ans C

31. ঋণাত্মক প্রভাবক কোনটি? [SAU: 10-11]

Ⓐ Na_2SO_3 Ⓑ MnO_2 Ⓒ H_3PO_4 Ⓓ As_2O_3 Ans C

32. NaOH ও HF বিক্রিয়ার প্রশমন তাপ কত? [SAU: 10-11]

Ⓐ –58.60 kJ/mole Ⓑ –57.34 kJ/mole

Ⓒ –68.60 kJ/mole Ⓓ –67.34 kJ/mole

Ans C Solve NaOH ও HF এর বিক্রিয়ায় দ্রবণে উপস্থিত ফ্লোরাইড আয়ন পানির অনুর সাথে হাইড্রোজেন বন্ধন তৈরী করে। ফলে F আয়নের অতিরিক্ত পানিযোজন তাপ প্রশমন তাপের সাথে যোগ হয়ে – 68.6 kj হয়।

33. মাটির অম্লত্বকে নিয়ন্ত্রণ করে–[SAU: 09-10]

Ⓐ ক্যালসিয়াম সুপার ফসফেট Ⓑ ফসফেটিক স্ল্যাগ

Ⓒ ট্রিপল সুপার ফসফেট Ⓓ ডাইঅ্যামোনিয়াম ফসফেট Ans B

34. কোন ক্লোরিক এসিড বিশুদ্ধ অবস্থায় পাওয়া যায়? [SAU: 09-10]

Ⓐ $HClO$ Ⓑ $HClO_2$ Ⓒ $HClO_3$ Ⓓ $HClO_4$

Ans D Solve পারক্লোরেট এসিড ($HClO_4$) বিশুদ্ধ অবস্থায় পাওয়া যায়।

35. আনারসের রসে $[OH^-]$ এর মান 10^{-10} mol/L হলে এর pH হবে – [SAU: 09-10]

Ⓐ 4 Ⓑ 5 Ⓒ 8 Ⓓ 10

Ans A Solve $[OH^-] = 10^{-10}$ mol/L

$\therefore$ $pOH = -\log(10^{-10}) = 10$

$\therefore$ $pH = 14 - pOH = 14 - 10 = 4$

36. কোনটি তীব্র এসিড নয়? [SAU: 09-10]

Ⓐ HNO_3 Ⓑ H_2SO_4

Ⓒ HNO_2 Ⓓ $HClO_4$

Ans C Solve অক্সোএসিড সমূহের কেন্দ্রীয় পরমাণুর ধনাত্মক জারণ সংখ্যা যত বেশী হবে এসিডটি তত বেশী তীব্র হবে।

এখানে, তীব্রতার ক্রম হচ্ছে-

$\overset{+7}{HClO_4} > \overset{+6}{H_2SO_4} > \overset{+5}{HNO_3} > \overset{+3}{HNO_2}$

37. 0.001 M NaOH দ্রবণের pH হবে- [SAU: 08-09]

Ⓐ 3 Ⓑ 4

Ⓒ 10 Ⓓ 11

Ans D Solve এখানে, 0.001M NaOH -এর $[OH^-] = 0.001$

$\therefore$ $pOH = -\log[OH^-] = -\log[0.001] = 3$

আবার, $pH + pOH = 14 \Rightarrow pH = 14 - pOH = 14 - 3 = 11$

38. একটি দ্রবনের H^+ এর ঘনত্ব $1\times10^{-6.5}$ দ্রবণটির pH কত? [SAU: 07-08]

Ⓐ $10^{6.5}$ Ⓑ -6.5

Ⓒ 6.5 Ⓓ 0.65

Ans C Solve $pH = -\log[H^+] = -\log[1\times10^{-6.5}] = 6.5$

39. 0.1 M HCl দ্রবণের pH কত? [SAU: 06-07]

Ⓐ 0.798 Ⓑ 0.699 Ⓒ 0.871 Ⓓ 0.987

Ans Blank Solve $pH = -\log(0.1) = 1$

40. যে বিক্রিয়ার সক্রিয়ন শক্তি বেশি তার গতির হার- [SAU: 06-07]

Ⓐ অধিক হবে Ⓑ কম হবে

Ⓒ দ্বিগুণ হবে Ⓓ স্থির থাকবে Ans B

41. রক্তের স্বাভাবিক অবস্থায় pH এর মান কত থাকে? [SAU: 05-06]

Ⓐ 6.69 Ⓑ 7.1

Ⓒ 7.4 Ⓓ 7.3 Ans C

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

01. একটি ফলের রসে হাইড্রোজেন আয়নের ঘনত্ব 3.3×10^{-2} M হলে ঐ রসের pH কত? [Syl. AU: 18-19]

Ⓐ 2.00 Ⓑ 1.48 Ⓒ 4.48 Ⓓ 2.18

Ans B Solve $pH = -\log[H^+] = -\log(3.3\times10^{-2}) = 1.48$

02. অক্সি অম্লের তীব্রতার ক্ষেত্রে কোন নির্দেশনাটি সঠিক? [Syl. AU: 18-19]

Ⓐ $HClO_3 > HNO_2 > HClO$ Ⓑ $HNO_3 > H_3PO_3 > H_2SO_3$

Ⓒ $H_3PO_3 > HNO_2 > HClO$ Ⓓ $HNO_2 > H_2SO_3 > HClO$ Ans A

03. রাসায়নিক বিক্রিয়ায় তাপশক্তির পরিবর্তন কিসের উপর নির্ভরশীল? [Syl. AU: 17-18]

Ⓐ অভ্যন্তরীণ শক্তি Ⓑ বাহ্যিক শক্তি Ⓒ তাপ শক্তি Ⓓ রাসায়নিক শক্তি

Ans A Solve অভ্যন্তরীণ শক্তির উপর নির্ভর করে বিক্রিয়াকালে শক্তির শোষণ বা উদ্ভব ঘটতে পারে।

04. নিচের কোন দ্রবণটি ঋণাত্মক pH মান প্রদর্শন করে? [Syl.AU: 16-17]

Ⓐ 1×10^{-3} M HCl Ⓑ 1.5M HCl

Ⓒ 0.1 M HCl Ⓓ 0.01 M HCl

Ans B Solve ▪ 10^{-3} M HCl এর pH = 3

▪ 1.5 M HCl এর pH = – 0.17

▪ 0.1 M HCl এর pH = 1

▪ 0.01 M HCl এর pH = 2

05. তাপউৎপাদী বিক্রিয়ার তাপমাত্রা বৃদ্ধি করলে সাম্যাঙ্কের মানের কী পরিবর্তন ঘটে? [Syl.AU: 16-17]

Ⓐ হ্রাস পায় Ⓑ বৃদ্ধি পায়

Ⓒ অপরিবর্তিত থাকে Ⓓ কোন প্রতিক্রিয়া হয় না

Ans A Solve তাপউৎপাদী বিক্রিয়ার তাপমাত্রা বৃদ্ধি করলে উৎপাদের পরিমাণ হ্রাস পায় এবং বিক্রিয়কের পরিমান বৃদ্ধি পায়।

$$\text{সাম্যাঙ্ক} = \frac{\text{উৎপাদের ঘনমাত্রা}}{\text{বিক্রিয়কের ঘনমাত্রা}}$$

সুতবাং, উৎপাদের পরিমাণ হ্রাস পেলে সাম্যাঙ্ক হ্রাস পাবে।

06. কোনো দ্রবণে $[H^+]$ আয়নের ঘনমাত্রা 3.98×10^{-2} mol/L হলে pH এর মান কত? [Syl.AU: 16-17]

Ⓐ 1.0 Ⓑ 1.8 Ⓒ 1.4 Ⓓ 2.4

Ans C Solve $pH = -\log[H^+] = -\log(3.98\times10^{-2}) = 1.4$

07. নিচের কোন প্রক্রিয়াটি তাপ উৎপাদী? [Syl.AU: 15-16]

Ⓐ ঘনীভবন Ⓑ গলন

Ⓒ উর্ধ্বপাতন Ⓓ বাষ্পীভবন Ans A

08. অণুজীব বংশবিস্তারের জন্য অনুকূল pH পরিসর কোনটি? [Syl.AU: 15-16]

Ⓐ 4.5 - 5.5 Ⓑ 5.5 - 6.5

Ⓒ 6.5 - 7.5 Ⓓ 7.5 - 8.5 Ans C

09. 80% PCl_5 250°C তাপমাত্রায় এবং 3 atm চাপে বিয়োজিত হলে K_p এর মান কত? [Syl.AU: 15-16]

Ⓐ 5.36 atm Ⓑ 4.36 atm

Ⓒ 3.36 atm Ⓓ 2.26 atm

Ans A Solve $PCl_5(g) \overset{\Delta}{\rightleftharpoons} PCl_3(g) + Cl_2(g)$

প্রা: অবস্থা:	1 mol	0 mol	0 mol
সাম্যবস্থা:	1–80%	80%	80%
বা,	0.2 mol	0.8 mol	0.8 mol

$P_{PCl_5} = \frac{0.2}{1.8}\times3 = 0.33$ atm; $P_{PCl_3} = \frac{0.8}{1.8}\times3 = 1.33$ atm

এবং $P_{Cl_2} = \frac{0.8}{1.8}\times3 = 1.33$ atm, $K_p = \frac{1.33\times1.33}{0.33} = 5.36$

10. সমুদ্রের পানির pH মান কত? [Syl.AU: 14-15]

Ⓐ 7.0 ± 0.2 Ⓑ 6.5 ± 0.2

Ⓒ 8.1 ± 0.2 Ⓓ 9.5 ± 0.2 Ans C

খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

01. কোনটি তাপহারী বিক্রিয়া? [KU-A : 19-20]

Ⓐ $CH_4 + 2O_2 = CO_2 + 2H_2O$ Ⓑ $C + O_2 = CO_2$

Ⓒ $2H_2 + O_2 = 2H_2O$ Ⓓ $N_2 + O_2 = 2NO$ Ans D

ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ

01. কোন রাসায়নিক বিক্রিয়ায় বিক্রিয়কগুলোর ভৌত অবস্থা ও প্রভাবকগুলোর ভৌত অবস্থা একই হলে তাকে কী বলা হয়? [JGVC: 19-20]

Ⓐ অটো প্রভাবক Ⓑ আবিষ্ট প্রভাবক
Ⓒ ধনাত্মক প্রভাবক Ⓓ সমসত্ত্ব প্রভাবক

Ans D Solve • **সমসত্ত্ব প্রভাবক** - প্রভাবক ও বিক্রিয়কের ফেজ/দশা একই,
• **অসমসত্ত্ব প্রভাবক** - প্রভাবক ও বিক্রিয়কের দশা আলাদা,
• **স্ব-প্রভাবক (Auto catalyst)** - বিক্রিয়ার উৎপাদ যখন প্রভাবকরূপে কাজ করে,
• **আবিষ্ট প্রভাবক**- যে বিক্রিয়ক অপর বিক্রিয়াকে প্রভাবিত করে।

02. 0.001M CH_3-COOH দ্রবণ 25°C তাপমাত্রায় এর 15% আয়নিত হলে, দ্রবণের pH কত হবে? [JGVC: 19-20]

Ⓐ 3.82 Ⓑ 4.82 Ⓒ 5.82 Ⓓ 6.82

Ans A Solve এখানে, বিয়োজন মাত্রা, $\alpha = \frac{15}{100} = 0.15$

$\therefore$ দ্রবণে $[H^+] = \alpha \times C = 0.15 \times 0.001 = 1.5 \times 10^{-4}$

$\therefore pH = -\log(1.5 \times 10^{-4}) = 3.8239$

03. $2AB_2 + B_2 \leftrightarrow 2AB_3$: $\Delta H = 192.46$ kJ বিক্রিয়াটিতে সর্বোচ্চ উৎপাদনের শর্ত কোনটি? [JGVC: 19-20]

Ⓐ উচ্চতাপমাত্রা ও উচ্চচাপ Ⓑ নিম্নতাপমাত্রা ও উচ্চচাপ
Ⓒ উচ্চতাপমাত্রা ও নিম্নচাপ Ⓓ নিম্নতাপমাত্রা ও নিম্নচাপ

Ans A Solve বিক্রিয়াটি তাপহারী। তাই, লা শাতেলিয়ার নীতি অনুসারে তাপ দিলে সাম্যাবস্থা ডানদিকে যাবে ও সম্মুখ বিক্রিয়া হার বাড়বে। উৎপাদে মোলসংখ্যা কম হওয়ায় চাপ বাড়ালে সম্মুখ বিক্রিয়া হার বাড়বে।

চট্টগ্রাম ভেটেরিনারি ও এনিম্যাল সাইন্সেস বিশ্ববিদ্যালয়

01. সাম্যাবস্থায় $N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$ বিক্রিয়াটির উপর চাপ প্রয়োগ করলে- [CVASU: 18-19]

Ⓐ বিক্রিয়াটি সামনের দিকে অগ্রসর হবে
Ⓑ বিক্রিয়াটি পিছনের দিকে অগ্রসর হবে
Ⓒ বিক্রিয়াটিতে কোন প্রভাব পড়বে না
Ⓓ বিক্রিয়াটি বন্ধ হয়ে যাবে

Ans B Solve
$\Delta n = +ve$: চাপের প্রভাব Negative
$\Delta n = -ve$: চাপের প্রভাব Positive
$\Delta n = o$: চাপের প্রভাব নেই
বিক্রিয়াটিতে $\Delta n = 2 - 1 = 1$। অর্থাৎ চাপের প্রভাব Negative হবে।
অর্থাৎ চাপ বাড়লে বিক্রিয়া পেছনে (বামে) আসবে এবং উৎপাদকের পরিমাণ কমবে।
$N_2O_4(g) \rightleftharpoons 2NO_2(g)$ বিক্রিয়াটিতে
$\Delta n = 2 - 1 = 1$

02. 0.0001M HCl দ্রবণের pH এর মান কত হবে? [CVASU: 17-18]

Ⓐ 3.0 Ⓑ 4.0
Ⓒ 3.5 Ⓓ 2.5

Ans B Solve $P^H = -\log(0.0001) = -\log(10^{-4}) = -(-4) = 4$

03. 0.005M $Ca(OH)_2$ দ্রবণের pH হবে- [CVASU: 16-17]

Ⓐ 12 Ⓑ 2 Ⓒ 10 Ⓓ 8

Ans A Solve $pOH = -\log(2 \times 0.005) = 2$
$\therefore pH = 14 - pOH = 14 - 2 = 12.$

04. 499cm^3 বিশুদ্ধ পানিতে 1.0 cm^3 10.0 M HCl যোগ করলে উৎপন্ন দ্রবণটির pH কত? [CVASU: 15-16]

Ⓐ 4.0 Ⓑ 7.0 Ⓒ 1.69 Ⓓ 5.6

Ans C Solve $S_1V_1 = S_2V_2 \Rightarrow S_2 = \frac{S_1V_1}{V_2}$

$\Rightarrow S_2 = \frac{10 \times 1}{499} = 0.02M$

$\therefore S_2 = 0.02$ M $\therefore pH = -\log(0.02) = 1.69$

05. হেবার পদ্ধতিতে শিল্প-উৎপাদনে ব্যবহৃত কাঁচামাল- [CVASU: 15-16]

Ⓐ N_2 এবং H_2 Ⓑ R-NH_2 এবং NaOH
Ⓒ বাতাস এবং R-NH_2 Ⓓ বাতাস এবং প্রাকৃতিক গ্যাস

Ans A Solve হেবার পদ্ধতিতে অ্যামোনিয়া উৎপাদন করা হয়। পদ্ধতিটি:

$$N_2 + 3H_2 \xrightarrow[Al_2O_3,\ Fe]{500°C/200atm} 2NH_3$$

06. একটি এসিটেট বাফার দ্রবণ (এসিটিক এসিড + সোডিয়াম এসিটেট) -এর এসিটিক এসিডের ঘনমাত্রা দ্বিগুন করা হল। pH এর পরিবর্তন কতটুকু হবে? [CVASU: 15-16]

Ⓐ pH এর কোনো পরিবর্তন হবে না Ⓑ $-\log 2$
Ⓒ $+2$ Ⓓ $+\log 2$

Ans B Solve প্রথমাবস্থায়, $pH = pKa + \log\frac{[salt]}{[Acid]}$

অম্লের ঘনমাত্রা দ্বিগুণ করার পর, $pH = pKa + \log\frac{[salt]}{2[Acid]}$

$\therefore pH - pH = -\log 2$

07. রক্তের বাফার সিস্টেম হচ্ছে- [CVASU: 15-16]

Ⓐ $NaHCO_3/H_2CO_3$ Ⓑ NH_4Cl/NH_4OH
Ⓒ $NaHCO_3/Na_2CO_3$ Ⓓ NH_4Cl/NH_4HCO_3 **Ans A**

08. জুস পানে পাকস্থলিতে HCl বৃদ্ধির ফলে হাইড্রোজেন আয়নের ঘনমাত্রা যদি 0.01 mol/dm^3 হয় তাহলে ঐ জুসের pH হবে- [CVASU: 14-15]

Ⓐ 7.0 Ⓑ 1.02 Ⓒ 2.0 Ⓓ 0.2

Ans C Solve $pH = -\log[H^+] = -\log(0.01) = 2$

09. 1 M HCl দ্রবণের pH হবে- [CVASU: 14-15]

Ⓐ 4.0 Ⓑ 0.0 Ⓒ 1.0 Ⓓ 3.0

Ans B Solve $pH = -\log(1) = 0$

10. কোনো ১ম ক্রম বিক্রিয়ার অর্ধায়ু 15 মিনিট হলে, বিক্রিয়ার হার ধ্রুবক হবে- [CVASU: 14-15]

Ⓐ 4.62×10^{-2} min^{-1} Ⓑ 4.62×10^{-4} min^{-1}
Ⓒ 4.62×10^{-3} min^{-1} Ⓓ 4.62×10^{-6} min^{-1}

Ans A Solve $\lambda = \frac{\ln 2}{T_{1/2}} = \frac{0.693}{15} = 4.62 \times 10^{-2}$ min^{-1}

11. বাফার দ্রবণ তৈরি হয় নিচের কোন যৌগদ্বয় দ্বারা? [CVASU: 14-15]

Ⓐ CH_3COOH, CH_3COONa Ⓑ CH_3COOH, NaOH
Ⓒ NaOH, Na_2CO_3 Ⓓ HCl, NaCl

Ans A Solve মৃদু এসিড বা মৃদু ক্ষার এবং ঐ এসিড বা ক্ষারের লবণ দ্বারা বাফার দ্রবণ তৈরী হয়। CH_3COOH একটি মৃদু এসিড এবং CH_3COONa উক্ত এসিডের একটি লবণ। তাই CH_3COOH এবং CH_3COONa বাফার দ্রবণ তৈরী করে।

সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ

01. 0.04% NaOH দ্রবণের pH কত? [SGVC: 19-20]

Ⓐ 12.00 Ⓑ 13.51 Ⓒ 12.25 Ⓓ 10.55

Ans A Solve $S = \frac{10p}{M} = \frac{10 \times 0.04}{40} = 0.01$

$pOH = -\log(0.01) = -\log(10^{-2}) = 2$
$pH + pOH = 14 \therefore pH = 14 - 2 = 12$

Part 4 SELF TEST

01. pH স্কেলের সীমা কত?
Ⓐ 0 - 7 Ⓑ 1 - 7 Ⓒ 0 - 14 Ⓓ 1 - 14

02. দ্বিতীয়ক্রম বিক্রিয়ার বেগ ধ্রুবকের একক কোনটি?
Ⓐ $L^{-1} s^{-1} mol$ Ⓑ $L\ mol^{-1} s^{-1}$ Ⓒ $L\ mol^{-1}$ Ⓓ $L^{-2} s^{2} mol^{-2}$

03. কোনটি গ্রীন কেমিস্ট্রির ১২টি নীতির মধ্যে নয়?
Ⓐ ন্যূনতম উপজাতক Ⓑ নবায়নযোগ্য কাঁচামাল ব্যবহার
Ⓒ সস্তা ক্যামিকেল ব্যবহার Ⓓ শক্তি দক্ষতা পরিকল্পনা

04. কোনটি সঠিক নয়?
Ⓐ এটম ইকোনমি = (উৎপাদকের ভর/বিক্রিয়ক ভর)%
Ⓑ ই-ফ্যাক্টর = বর্জ্যের মোট ভর/উৎপাদকের মোট ভর
Ⓒ এটম ইকোনমির মান যত উচ্চ একটি উৎপাদন প্রক্রিয়া তত সবুজ
Ⓓ ই-ফ্যাক্টর যত বেশি তা তত পরিবেশ বান্ধব

05. কোন রাসায়নিক বিক্রিয়া পরিবেশ সহায়ক কিনা তা বুঝা যায়-
Ⓐ জ্বালানির ব্যবহার নিয়ন্ত্রণ দ্বারা Ⓑ বিশুদ্ধ বিক্রিয়ক দ্বারা
Ⓒ Atom Economy এর উচ্চমান দ্বারা Ⓓ Yield এর উচ্চমাত্রা দ্বারা

06. নিম্নে চারটি বিক্রিয়ার পরীক্ষালব্ধ বেগ সমীকরণ দেয়া হল। কোন বিক্রিয়াটি মৌলিক বিক্রিয়া হতে পারে?
Ⓐ $A + B \rightarrow P,\ V = k\,[A]^2$ Ⓑ $C + D \rightarrow P,\ V = k\,[C]\,[D]^2$
Ⓒ $(CH_3)_3CCl + OH^- \rightarrow (CH_3)_3C\text{–}OH + OH^-,\ V = k\,[(CH_3)_3CCl]$
Ⓓ $O + O_2 + N_2 \rightarrow O_3 + N_2,\ V = k\,[O]\,[O_2]\,[N_2]$

07. বিক্রিয়ার হার সমীকরণে বিক্রিয়কগুলির ঘনমাত্রার ঘাতের সমষ্টি হচ্ছে-
Ⓐ Molecularity of a reaction
Ⓑ Half-life of a reaction
Ⓒ Order of a reaction
Ⓓ Activation energy of a reaction

08. $A + B \rightarrow$ উৎপাদ, বিক্রিয়ার বেগ $Z\,[A]\,[B]$। বেগ ধ্রুবকের একক কী?
Ⓐ $mol^{-1}\ dm^3\ s^{-1}$ Ⓑ $mol^{-2}\ dm^{-6}\ s^{-1}$
Ⓒ $mol^2\ dm^{-6}\ s^{-1}$ Ⓓ s^{-1}

09. নিম্নের কোন অবস্থার পরিবর্তনের ফলে সাম্যাবস্থার সাম্যাংক K পরিবর্তন হবে?
Ⓐ Temperature Ⓑ Concentration of products
Ⓒ Concentration of reactants Ⓓ Pressure

10. কোন বিক্রিয়ার সামগ্রুবক এবং হারধ্রুবক উভয়েই যে নিয়ামক দ্বারা প্রভাবিত হয় তা হলো-
Ⓐ Catalyst only Ⓑ Temperature only
Ⓒ Pressure only Ⓓ Temperature, pressure and catalyst

11. $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g) + 46\ kJ\ mol^{-1}$ বিক্রিয়াটি প্রভাবকের উপস্থিতিতে নিম্নের কোন অবস্থায় অ্যামোনিয়ার সুবিধাজনক উৎপাদন নিশ্চিত করবে?
Ⓐ অধিক তাপমাত্রা ও অধিক চাপ Ⓑ কম তাপমাত্রা ও কম চাপ
Ⓒ কম তাপমাত্রা ও অধিক চাপ Ⓓ অধিক তাপমাত্রা ও কম চাপ

12. নিম্নের বিক্রিয়ার তাপমাত্রার প্রভাব কী হবে?
$N_2(g) + 3H_2(g) \leftrightarrow 2NH_3(g);\ \Delta H = -92\ kJ/mol$
Ⓐ তাপমাত্রা বাড়লে বিক্রিয়া পশ্চাৎমুখী হবে
Ⓑ তাপমাত্রা বাড়লে-উৎপাদন বৃদ্ধি পাবে
Ⓒ তাপমাত্রা কমলে বিক্রিয়া পশ্চাৎমুখী হবে
Ⓓ তাপমাত্রা কমলে বিয়োজিত হবে

13. নিচের কোন বিক্রিয়ায় নিম্ন চাপে উৎপাদ বেশি হবে?
Ⓐ $H_2(g) + I_2(g) \rightleftharpoons 2HI(g)$ Ⓑ $PCl_5(g) \rightleftharpoons PCl_3(g) + Cl_2(g)$
Ⓒ $N_2(g) + 3H_2(g) \rightleftharpoons 2NH_3(g)$ Ⓓ $N_2(g) + O_2(g) \rightleftharpoons 2NO(g)$

14. মিউরেট অব পটাশের প্রধান ব্যবহার কি?
Ⓐ সার হিসাবে Ⓑ ইঁদুরের খাদ্য হিসাবে
Ⓒ পানি বিশুদ্ধকরণে Ⓓ মরিচারোধী লৌহ তৈরিতে

15. কৃষি উৎপাদনে অম্লধর্মী মাটির pH বাড়ানোর জন্য কোন যৌগটি ব্যবহৃত হয়?
Ⓐ KNO_3 Ⓑ NH_4NO_3 Ⓒ $(NH_4)_2HPO_4$ Ⓓ CaO

16. $N_2O_4(g)$ বিয়োজিত হয়ে $NO_2(g)$ তৈরি হয়। এই সিস্টেমে চাপ বৃদ্ধি করলে কোনটি ঘটবে?
Ⓐ বিয়োজন হার হ্রাস পাবে Ⓑ বিয়োজন হার বৃদ্ধি পাবে
Ⓒ তাপোৎপাদী হবে Ⓓ তাপ শোষণ করবে

17. $CH_4(g) + 2O_2(g) \leftrightarrow CO_2(g) + 2H_2O(l)$ বিক্রিয়ায় চাপ প্রয়োগে সাম্যাবস্থা-
Ⓐ বাম দিকে Ⓑ ডান দিকে Ⓒ অপরিবর্তিত থাকে Ⓓ কোনোটিই নয়

18. এসিডগুলোর তীব্রতার ক্রম
Ⓐ $HClO_4 > H_2SO_4 > H_2SO_3 > HNO_3$
Ⓑ $HNO_3 > H_2SO_4 > H_2SO_3 > HClO_4$
Ⓒ $HClO_4 > H_2SO_4 > HNO_3 > H_2SO_3$
Ⓓ $H_2SO_4 > HClO_4 > HNO_3 > H_2SO_3$

19. নিচের কোন হ্যালোএসিড এর অম্লত্ব বেশি?
Ⓐ HF Ⓑ HI Ⓒ HCl Ⓓ HBr

20. নিচের কোন এসিডের K_a এর মান সবচেয়ে বেশি?
Ⓐ H_2SO_4 Ⓑ $HBrO_4$ Ⓒ HNO_3 Ⓓ $HClO_4$

21. মাটির অম্লত্ব বৃদ্ধি পেলে কি যোগ করে pH নিয়ন্ত্রণ করা যায়?
Ⓐ চুন Ⓑ ফসফেট Ⓒ নাইট্রেট Ⓓ সালফেট

22. নিম্নলিখিত কোন বিক্রিয়ার সাম্যাবস্থায় চাপ বৃদ্ধি করলে উৎপাদের পরিমাণ বৃদ্ধি পাবে?
Ⓐ $A + B \rightleftharpoons C + D$ Ⓑ $2A + B \rightleftharpoons C + D$
Ⓒ $2A + B \rightleftharpoons C + 3D$ Ⓓ $A + B \rightleftharpoons 2C + 3D$

23. বিশুদ্ধ পানিতে একফোঁটা HCl যোগ করলে ঐ দ্রবণের pH এর মান কোনটি হবে?
Ⓐ pH = 7 Ⓑ pH > 7 Ⓒ pH < 7 Ⓓ pH < 3

24. $X + Y \rightarrow P$ বিক্রিয়াটির গতি সমীকরণ হলো: $V = K\,[X]^2$; X এর প্রারম্ভিক ঘনমাত্রা তিনগুণ করা হলে বিক্রিয়ার প্রারম্ভিক গতি কত গুণ বৃদ্ধি পাবে-
Ⓐ 9 Ⓑ 3 Ⓒ 4 Ⓓ 8

25. $2A + 3B \rightarrow 2C + 2D$ বিক্রিয়াটির তাৎক্ষণিক গতির জন্য কোন রাশিমালাটি সঠিক?
Ⓐ $+ d[A]/dt$ Ⓑ $- d[A]/dt$ Ⓒ $+ \frac{1}{2} d[D]/dt$ Ⓓ $+ d[C]/dt$

26. অম্লীয় মাটির pH বাড়াতে নিম্নের কোনটি ব্যবহৃত হয়?
Ⓐ KNO_3 Ⓑ NH_4NO_3 Ⓒ CaO Ⓓ T.S.P

27. সুস্থ অবস্থায় একজন ব্যক্তির pH = 7.4 রক্তের অসুস্থ অবস্থায় তার pH 5.4 হলে H^+ আয়নের ঘনমাত্রার কি পরিবর্তন হবে?
Ⓐ 100 times less Ⓑ 100 times increase
Ⓒ 0.01 times less Ⓓ 100 times in crease

28. একটি KOH দ্রবণে $[OH^-] = 0.001\ M$ হলে উক্ত দ্রবণের pH কত?
Ⓐ 3 Ⓑ 2 Ⓒ 10 Ⓓ 11

29. কোনটি বাফার দ্রবণের উদাহরণ নয়?
Ⓐ $NH_4Cl + NH_4OH$ Ⓑ $H_2O + NaOH$
Ⓒ $CH_3COOH + CH_3COONa$ Ⓓ $HCOONa + HCOOH$

30. বিশুদ্ধ পানিতে (H^+) এর মান কত?
Ⓐ 10^6 mol/L Ⓑ 10^{-4} mol/L Ⓒ 10^{-7} mol/L Ⓓ 10^7 mol/L

OMR

01.ⒶⒷⒸⒹ	02.ⒶⒷⒸⒹ	03.ⒶⒷⒸⒹ	04.ⒶⒷⒸⒹ	05.ⒶⒷⒸⒹ
06.ⒶⒷⒸⒹ	07.ⒶⒷⒸⒹ	08.ⒶⒷⒸⒹ	09.ⒶⒷⒸⒹ	10.ⒶⒷⒸⒹ
11.ⒶⒷⒸⒹ	12.ⒶⒷⒸⒹ	13.ⒶⒷⒸⒹ	14.ⒶⒷⒸⒹ	15.ⒶⒷⒸⒹ
16.ⒶⒷⒸⒹ	17.ⒶⒷⒸⒹ	18.ⒶⒷⒸⒹ	19.ⒶⒷⒸⒹ	20.ⒶⒷⒸⒹ
21.ⒶⒷⒸⒹ	22.ⒶⒷⒸⒹ	23.ⒶⒷⒸⒹ	24.ⒶⒷⒸⒹ	25.ⒶⒷⒸⒹ
26.ⒶⒷⒸⒹ	27.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	30.ⒶⒷⒸⒹ

Answer

30.C	29.B	28.D	27.B	26.C	25.C	24.A	23.C	22.B	21.A
20.D	19.B	18.C	17.C	16.A	15.D	14.A	13.B	12.A	11.C
10.B	09.A	08.A	07.C	06.D	05.C	04.D	03.C	02.B	01.C

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

রসায়ন ১ম পত্র

অধ্যায় ৫

কর্মমুখী রসায়ন
Vocational Chemistry

Part 1 At a glance [Most Important Information]

- ভিনেগার হলো অ্যাসিটিক অ্যাসিড এর **6 - 10%** জলীয় দ্রবণ।
- দুধ এর মিষ্টি স্বাদের কারণ **ল্যাকটোজ** এর উপস্থিতি।
- অতিরিক্ত পিচ্ছিলতার জন্য ট্যালকম পাউডারে **জিংক স্টিয়ারেট** ব্যবহৃত হয়।
- গ্লুকোজ হতে ইথানল উৎপাদনে জাইমেস এনজাইম ব্যবহৃত হয়।
- প্রিজারভেটিভরূপে ব্যবহৃত সাইট্রিক অ্যাসিডের **pH মান 3.14**।
- গ্লাস ক্লিনারের মূল উপাদান অ্যামোনিয়া দ্রবণ।
- মেহেদি পাতার নির্যাসে লাসোন নামক 2-হাইড্রক্সি-1,4-ন্যাপথাকুইনোন জৈব যৌগ থাকে।
- পচনশীল খাদ্যবস্তুকে খাদ্য লবণ (NaCl) বা এর গাঢ় দ্রবণ দ্বারা সংরক্ষণ প্রক্রিয়াকে **কিউরিং** বলা হয়।
- টেলক হলো হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট, $3MgO.4SiO_2.H_2O$।
- খাদ্যে টক্সিন তৈরী হওয়াকে ফুড পয়জনিং বলা হয়।
- এরোসল এক প্রকার কলয়েড যেখানে বিস্তারণ মাধ্যম গ্যাস এবং বিস্তারিত বস্তুকনা তরল। (উদা: কুয়াশা)
- ইমালশন হলো তরল মাধ্যমে তরল বস্তুকনার বিস্তারন। (উদা: দুধ)
- টয়লেট ক্লিনারে কষ্টিক সোডা (NaOH) ক্ষার থাকে।
- অণুজীবের বিকাশ ও বৃদ্ধির জন্য প্রয়োজন জলীয় পরিবেশ।
- প্রিজারভেটিভ হিসেবে সোডিয়াম বেনজয়েটের ব্যবহারের অনুমোদিত সীমা 200 ppm।
- ক্লোরোফরমে 2% ইথানল যোগ করলে $COCl_2$ উৎপাদন বাধাগ্রস্ত হয়।
- পাস্তুরাইজেশনের সময় 70°C ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রায় খাদ্য সংরক্ষণ করতে হয়।
- বেনজোয়েট প্রায় সব দেশে অনুমোদিত প্রিজারভেটিভ।
- দেশীয় ফল গুলোর বৈশিষ্ট্য নিম্ন অম্লযুক্ত।
- টমেটোতে ম্যালিক এসিড পাওয়া যায়।
- ব্লাঞ্চিং হলো পানি অথবা বাষ্পের সাহায্যে উত্তপ্তকরণ।
- পাস্তুরাইজেশনের উদ্দেশ্য মাখন হতে ব্যাকটেরিয়া ধ্বংস করা।
- কিউরিং প্রক্রিয়ায় অধিক ব্যবহৃত হয় NaCl (7 – 8%)।
- কোয়াগুলেশনের আভিধানিক অর্থ জমাট বাঁধা।
- দুধ অম্লীয় প্রকৃতির। (pH 6.6 – 6.9)
- দুধের প্রধান উপাদান পানি।
- ভ্যানিশিং ক্রীমের প্রধান উপকরণ স্টিয়ারিক অ্যাসিড।
- ইনভার্ট চিনির সংকেত $C_{12}H_{22}O_{11}$।
- কলয়েড হলো একটি অসমসত্ত্বীয় মিশ্রন। উদা: দুধ। কঠিন পদার্থের সূক্ষ্মতম কনাগুলোর আকারের ব্যাস হয় 2nm থেকে 500nm.
- যে সকল রাসায়নিক পদার্থ পানিগ্রাসী সেসকল রাসায়নিক পদার্থকে ডেসিকেটরে সংরক্ষণ করতে হয়।
- পিকলিং এর উপাদান হলো চিনি।

Step 1 খাদ্য সংরক্ষণ কৌশল

ব্লাঞ্চিং: এই প্রক্রিয়ায় খাদ্য দ্রব্যকে (বিশেষ করে শাক-সবজি) খুব স্বল্প সময়ের জন্য ফুটন্ত পানিতে অথবা বাষ্পে উত্তপ্ত করা হয়।

কিউরিং: মাছ ও মাংসের সংরক্ষণের ক্ষেত্রে কিউরিং পদ্ধতি ব্যবহার করা হয়। এই প্রক্রিয়ায় খাদ্যদ্রব্যে লবণ, যোগ করা হয়। যাতে করে অভিস্রবণ প্রক্রিয়ায় খাদ্য দ্রব্য থেকে আর্দ্রতা হ্রাস পায়।


পাস্তুরাইজেশন : এই প্রক্রিয়ায় খাদ্যবস্তুকে উচ্চ তাপমাত্রায় (< 100°C) উত্তপ্ত করে অধিকাংশ প্যাথোজেনকে ধ্বংস করা হয়। এই প্রক্রিয়ায় খাদ্যবস্তুর পচনকারী অর্গানিজম (≥ 99%) ও এনজাইমের সক্রিয়তা নষ্ট করা হয়।

নির্বীজকরণ (Sterilization) : এই প্রক্রিয়ায় খাদ্যপণ্যকে চাপ ও তাপের প্রভাবে প্রকৃতির অণুজীব (স্পোর বা বীজগুটিসহ) কে ধ্বংস করা হয়। নির্বীজকরণ প্রক্রিয়ার উদ্দেশ্য হচ্ছে, নিম্ন তাপমাত্রায় সংরক্ষণ ব্যতীত খাদ্যপণ্যের গুণাগুণকে দীর্ঘস্থায়ী করা। তাই এই প্রক্রিয়ায় দুধ, ফলের রস ও কৌটাজাতকৃত খাদ্যদ্রব্য সংরক্ষণ করা হয়।

ভিনেগার : অ্যাসিটিক এসিড (CH_3COOH) এর 6 - 10% জলীয় দ্রবণ হলো ভিনেগার। এর pH মান 4.74 হয়ে থাকে।

খাদ্যে ফরমালিন উপস্থিতি শনাক্তকরণ:

মাছ বা ফলমূল অল্প পানিতে ধুয়ে ঐ পানিকে পরিস্কার কাচ পাত্র/টেস্টটিউবে নিয়ে তাতে 3/4 ফোঁটা 2, 4-DNPH দ্রবণ যোগ করলে হলুদ বা কমলা বর্ণের অধঃক্ষেপ বা তলানী পড়ে। টেস্টটিউব এর পানি হলুদ বা ঘোলা হলে ফরমালিন এর উপস্থিত নিশ্চিত। আর কোন পরিবর্তন না হলে ফরমালিন অনুপস্থিত।



খাদ্য নষ্ট হওয়ার প্রধান কারণ :

খাদ্য নষ্ট হওয়ার প্রধান কারণ তিনটি:

১. জীবাণু (ব্যাকটেরিয়া, ঈষ্ট, মোল্ডস) দ্বারা পচন

২. এনজাইম বা উৎসেচকের প্রভাবে রাসায়নিক জারণ বা বিয়োজন ও

৩. ধাতব আয়নের প্রভাবে রাসায়নিক বিক্রিয়া

Academic to Admission all types of pdf collection

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Step 2 ফুড প্রিজারভেটিভস্

যেসব উপাদান খাদ্যের সাথে পরিমিত পরিমাণে মিশিয়ে খাদ্যকে বিভিন্ন অণুজীবসমূহের আক্রমণ ও বংশবিস্তার নিয়ন্ত্রণ করে এরাই মূলত প্রিজারভেটিভস্। প্রিজারভেটিভস্কে প্রধানত দুই ভাগে ভাগ করা হয়ে থাকে। যথা- ১. ন্যাচারাল ফুড প্রিজারভেটিভস্ ২. কৃত্রিম বা রাসায়নিক ফুড প্রিজারভেটিভস্।

ন্যাচারাল ফুড প্রিজারভেটিভস্ : প্রাকৃতিক উৎস থেকে প্রাপ্ত যেসব প্রিজারভেটিভস্ খাদ্য প্রক্রিয়াজাতকরণে ও সংরক্ষণে ব্যবহৃত হয় তাদেরকে ন্যাচারাল ফুড প্রিজারভেটিভস্ বলে। যেমন- লবণ, চিনি, তেল ইত্যাদি।

লবণ: খাদ্য সংরক্ষণের বহুল প্রচলিত পদ্ধতি কিউরিং। খাদ্যদ্রব্যকে খাবার লবণ বা এর নির্দিষ্ট ঘনমাত্রা দ্রবণ (7–8%) দ্বারা সংরক্ষণ করার প্রক্রিয়াকে কিউরিং বলে।

ভিনেগার: এটি বাজারে সিরকা নামেও পরিচিত। ইথায়িক এসিডের 6 - 10% জলীয় দ্রবণই ভিনেগার। খাদ্যের pH মান 4.5 অপেক্ষা কম সেগুলো ব্যাকটেরিয়া দ্বারা নষ্ট হয় না। অধিকাংশ অণুজীবের বংশবিস্তারের অনুকূলে pH পরিসর 6.5 - 7.5।

›› রাসায়নিক ফুড প্রিজারভেটিভস্

ক. অ্যান্টি মাইক্রোবায়েল এজেন্ট	খ. অ্যান্টি অক্সিডেন্ট এজেন্ট		গ. কিলেটিং এজেন্ট
১. সোডিয়াম বেনজোয়েট ও বেনজয়িক অ্যাসিড (m.p 120°C) [কঠিন] ২. পটাশিয়াম সরবেট, সোডিয়াম সরবেট ও ক্যালসিয়াম সরবেট [কঠিন] ৩. সায়ট্রিক অ্যাসিড [কঠিন, m.p 150°C, pH মান 3.14] ৪. অ্যাসিটিক অ্যাসিড [তরল, b.p 118°C] ৫. ক্যালসিয়াম প্রোপানোয়েট $(C_2H_5COO)_2Ca$ (s) ৬. নাইট্রেট ও নাইট্রাইট লবণ ($NaNO_3$, KNO_3, $NaNO_2$) ৭. সালফাইট, SO_2 গ্যাস (পটাশিয়াম মেটা বাইসালফাইট, $K_2S_2O_5$)	১. **প্রাকৃতিক অ্যান্টি-অক্সিডেন্ট:** ভিটামিন-সি বা এসকরবিক অ্যাসিড, ভিটামিন-ই বা টকোফেরল, বিটা (β) ক্যারোটিন, অধাতু সেলেনিয়াম।	২. **কৃত্রিম অ্যান্টি অক্সিডেন্ট বা মুক্ত মূলক শোষণকারী অ্যান্টি-অক্সিডেন্ট:** BHA, BHT, TBHQ, Propyl Gallate	EDTA ,ইথিলিন ডাইঅ্যামিন $(H_2\ddot{N}–CH_2–CH_2–\ddot{N}H_2)$

› অক্সিজেন শোষণকারী অ্যান্টি অক্সিডেন্ট: ভিটামিন-সি, ভিটামিন-ই, সালফাইট লবণ।

➲ **অনুমোদিত প্রিজারভেটিভ, ব্যবহারের সর্বোচ্চমাত্রা এবং ব্যবহারযোগ্য খাদ্যদ্রব্য :**

প্রিজারভেটিভ	ব্যবহারের সর্বোচ্চ মাত্রা	ব্যবহারযোগ্য খাদ্য সামগ্রী
বেনজোয়িক অ্যাসিড (সোডিয়াম বেনজোয়েট)	0.1%	কার্বনেটেড পানীয়, আচার কৌটাজাত ফল,ক্যান্ডি, জ্যাম, ফলের রস, বেভারেজ, প্লাষ্টিক, বোতলজাত জুসে।
সরবিক অ্যাসিড (পটাশিয়াম সরবেট)	0.1%	মাংস, মাছ, ডিম, ফল, পোল্ট্রিজাত খাদ্য, কেক।
প্রোপানয়েট (ক্যালশিয়াম প্রোপানয়েট ও সোডিয়াম প্রোপানয়েট)	0.3%	পাউরুটি, পেস্ট্রি, সয়াসস, পাস্তাজাতীয় খাদ্য
কার্বন ডাই অক্সাইড	0.1 - 0.4 %	কার্বনেটেড পানীয়, ওয়াইন।
পটাশিয়াম নাইট্রেট	120 ppm	আচার, সস, মাংস, পনির।
মিথাইল প্যারাবিন	1000 ppm	প্যাকেট জাত মাছ; মাংস, জ্যাম, জেলি, আচার, টমেটো।
পটাশিয়াম থায়োসালফাইট	500 ppm	মল্টলিকার, মধু পেকটিনযুক্ত জ্যাম, জেলি, আচার, টমেটো সস।

Step 3 খাদ্য কৌটাজাতকরণ

- আম কৌটাজাতকরণে 30 - 40% চিনির দ্রবণ ও 0.25% সাইট্রিক অ্যাসিড দ্রবণ যোগ করা হয়। এক্ষেত্রে চিনির গাঢ় দ্রবণ ও সাইট্রিক অ্যাসিড প্রিজারভেটিভস্বরূপ কাজ করে।
- রাসায়নিক সংযুক্তিতে সবজি হলো ফল থেকে কিছুটা ভিন্ন, ফলের চেয়ে সবজির মধ্যে স্টার্চ ও সেলুলোজ বেশি থাকে। কৌটাতে সবজিকে ভর্তি করার পূর্বে সবজিকে ব্লাঞ্চিং করে সবজির আপত্তিকর গন্ধ দূর করা হয়।
- মাছের কৌটাজাতকরণে 2% NaCl দ্রবণ ও 2% চিনির দ্রবণ যোগ করা হয়। মাংস কৌটাজাতকরণে 2% লবণ ও 2% চিনির দ্রবণ যোগ করা হয়।
- বাঁশ কোরলে খাদ্যতন্তুর পরিমাণ সবচেয়ে বেশি থাকে।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Step 4

সাসপেনশন ও কোয়াগুলেশন

শ্রেণি	ভৌত অবস্থা	কণার ব্যাস	দৃশ্যমান মাধ্যম	মিশ্রণে স্থিতি	উদাহরণ
১. দ্রবণ	*সমসত্ত্বীয় স্বচ্ছ মিশ্রণ*	0.1 nm - 2 nm	অদৃশ্য	সুস্থিত মিশ্রণ	NaCl এর দ্রবণে Na^+, Cl^- কণা থাকে।
২. কলয়েড	*অসমসত্ত্বীয় অস্বচ্ছ মিশ্রণ*	2 nm -500 nm	আলট্রা মাইক্রোস্কোপ	সুস্থিত মিশ্রণ	দুধ, বাটার
৩. সাসপেনশন	*অসমসত্ত্বীয় অস্বচ্ছ মিশ্রণ*	> 500 nm	সাধারণ মাইক্রোস্কোপ	অস্থায়ী মিশ্রণ,অধঃক্ষিপ্ত হয়ে পড়ে	রক্ত, কলেরা ভ্যাকসিন

›› বিস্তৃত দশা, বিস্তার মাধ্যম ও সাসপেনশনের উদাহরণ:

বিস্তৃত দশা (dispersed phase)	বিস্তার মাধ্যম (dispersion medium)	সাসপেনশনের উদাহরণ
তরল	গ্যাস	অ্যারোসল
কঠিন	গ্যাস	কঠিন অ্যারোসল যথা ধূলিকণা, Smoke
গ্যাস	তরল	ফোম, হুইপ ক্রিম
তরল	তরল	ইমালসন- দুধ, হাতের ক্রিম, শ্যাম্পু
কঠিন	তরল	সল-কাদামিশ্রিত পানি, চকের গুঁড়াযুক্ত পানি
গ্যাস	কঠিন	ফোম, শুষ্ক স্পঞ্জ
তরল	কঠিন	জেল-জেলী
কঠিন	কঠিন	গ্রাভেল, গ্রানাইট,gem

Step 5

দুধ, মাখন ও ঘি

›› দুধের শতকরা সংযুক্তি:

- পানি হলো দুধের প্রধান উপাদান; প্রাণিভেদে দুধে পানির পরিমাণ 82–88%
- দুধের চর্বি হলো বিভিন্ন লিপিড মিশ্রণ, এতে ট্রাইগ্লিসারাইডসমূহ থাকে।
- দুধে বিভিন্ন শ্রেণির প্রোটিন থাকে। তবে ক্যাজিন হলো দুধের প্রধান প্রোটিন উপাদান।
- ল্যাকটোজ বা দুগ্ধচিনি দুধের একমাত্র ডাইস্যাকারাইড কার্বহাইড্রেট উপাদান। এটি সমসংখ্যক গ্লুকোজ ও গ্যালাকটোজ অণুর সমন্বয়ে গঠিত।
- অস্থি গঠনের জন্য অত্যন্ত সহায়ক K^+, Ca^{2+} ও ফসফরাস অধিক পরিমাণে থাকে। দুধে খুব কম পরিমাণে লোহা ও কপার থাকে।
- 'ভিটামিন-এ' দুধে বেশি থাকে। দুধে পাস্তুরিকরণ ও ফুটানোর কারণে দুধে ভিটামিন-সি নষ্ট হয়।
- দুধের প্রধান খনিজ উপাদানসমূহ হলো: Ca^{2+}(0.12%), K^+(0.13%), Na^+(0.05%), Mg^{2+}(0.02%), P(0.09%), Cl^-(0.11%)

›› বিভিন্ন প্রাণীর দুধের শতকরা সংযুক্তি (w/v%):

ক্র.নং	প্রাণী	পানি	চর্বি	প্রোটিন	খাদ্য ক্যালরি (kcal/100g)
১	মানুষ	৮৭.১	৪.৫	০.৯	৭২
২	গাভী	৮৭.৮	৩.৫	৩.১	৬৯
৩	ছাগল	৮৭.০	৪.২	৩.৩	৭৩
৪	মহিষ	৮২.৭	৭.৪	৩.৬	১১০
৫	ভেড়া	৮২.০	৭.২	৪.৬	১০৫
৬	উট	৮৭.৬	৫.৩	৩.০	৭৬

›› পাস্তুরিকরণ: এই প্রক্রিয়ায় খাদ্যবস্তুকে উচ্চ তাপমাত্রায় (< 100°C) উত্তপ্ত করে অধিকাংশ প্যাথোজেনকে ধ্বংস করা হয়। এই প্রক্রিয়ায় খাদ্যবস্তুর পচনকারী অর্গানিজম (≥ 99%) ও এনজাইমের সক্রিয়তা নষ্ট করা হয়।

›› মাখন: মাখন হলো দুধ থেকে পৃথকীকৃত স্নেহ জাতীয় উপাদানের ইমালশন। এটি স্নেহের মধ্যে পানির ইমালশন।

›› মাখন পানি মুক্তকরণ: নিম্নচাপের প্রভাবে মাখন হতে পানি জলীয় বাষ্প রূপে বের হয়। এ সময় মাখনকে মৃদু তাপ দেওয়া হয়, এতে পানি সহজে বাষ্পে পরিণত ও বের হতে পারে।

Step 6

টয়লেট্রিজ ও পারফিউমারি

›› পারফিউমারি গোলাপজল প্রস্তুতি:

গোলাপ ফুলের পাপড়ি ও পানির মিশ্রণকে স্টিম পাতিত করে সংগৃহীত পাতিত তরলকে গোলাপ জল বলে। এটি একটি হাইড্রোসল।

›› হেয়ার অয়েল প্রস্তুতি :

ডাবুর আমলা হেয়ার অয়েলে মূল উপাদান হলো নারকেল তেল। হার্বাল হেয়ার অয়েলে তিন প্রকার ভেজিটেবল অয়েল যেমন- সূর্যমুখী তেল, বাদাম তেল ও তিল তেল থাকে।

অন্যান্য উপাদান সমূহ:

১. চুলের কোমলতাদায়ক (পেট্রোলিয়াম অয়েল ও কেনোলা অয়েল) ২. ইমালসিফাইয়ার (ওলিক অ্যাসিড) ৩. অ্যান্টিঅক্সিড্যান্ট (t-বিউটাইল হাইড্রোকুইনোন)

Solution to Admission all types of pdf collection
JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

▶▶ টেলকম পাউডারের উপাদানসমূহ:

১. মূল উপাদান হলো টেলক; এর রাসায়নিক নাম হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট; এর সংকেত $H_2Mg_3(SiO_3)_4$ বা $Mg_3Si_4O_{10}(OH)_2$ বা $3MgO.4SiO_2.H_2O$

২. পিচ্ছিলতার জন্য জিংক স্টিয়ারেট, ম্যাগনেসিয়াম সিলিকেট ও অন্যান্য সিলিকেট এবং পাউডারকে ফাঁপানোর জন্য ক্যালসিয়াম বা ম্যাগনেসিয়াম কার্বনেট ও সুগন্ধিরূপে মেনথল ও ক্যাম্ফর ব্যবহার করা হয়।

▶▶ বেবি পাউডার প্রস্তুতি:

বেবি পাউডারে বাধ্যতামূলক একটি অ্যান্টিসেপটিক (বোরিক এসিড) এবং খুব হালকা সুগন্ধ দ্রব্য মিশানো হয়। জিংক স্টিয়ারেট অথবা ম্যাগনেসিয়াম স্টিয়ারেট পানি শোষণ ক্ষমতা বাড়ায়। বেবি পাউডারে 2% থেকে 5% জিংক অক্সাইড, 0.5% থেকে 1.5% স্টিরাইল অ্যালকোহল মিশ্রিত করলে ঐ পাউডার সুন্দর কমনীয় গুণ সম্পন্ন হয়।

▶▶ কোল্ড ক্রিম প্রস্তুতি:

কোল্ড ক্রিমের মূল উপাদান হলো- তেল, মোম, বোরাক্স ও পানি। এছাড়া গ্লিসারিন ও সুগন্ধি দেওয়া হয়।

▶▶ লিপস্টিকের প্রধান উপাদানসমূহ:

১. ওয়াক্স ও চর্বি ২. অয়েল ৩. অ্যালকোহল ৪. পিগমেন্ট (রং) ৫. সুগন্ধ বস্তু

▶▶ আফটার শেভ প্রস্তুতির মূল উপাদান হলো তিনটি। যেমন:

১. অ্যান্টিসেপটিক : ডি-ন্যাচার্ড অ্যালকোহল-৪০

২. ময়শ্চারাইজার : গ্লিসারিন, (বা অ্যালোভেরা/অলিভ অয়েল)

৩. সুগন্ধ বস্তু: স্যানডেলউড তেল, লবঙ্গ, দারুচিনি, কমলালেবুর খোসা।

▶▶ মেহেদি নিষ্কাশন:

মেহেদি পাতার নির্যাসে লাসোন নাম 2-হাইড্রক্সি-1, 4-ন্যাপথাকুইনোন জৈব যৌগ থাকে।

▶▶ টুথপেস্ট প্রস্তুতির উপাদান: ডাই ক্যালসিয়াম ফসফেট ,চক পাউডার, গ্লিসারিন, গাম ট্রাগাকান্থ মিউসিলেজ, সোডিয়াম লরেল সালফেট, তরল প্যারাফিন ইত্যাদি।

▶▶ ভ্যানিশিংক্রিম প্রস্তুতি:

উপাদানসমূহ: পাতিত পানি, স্টিয়ারিক এসিড, গ্লিসারিন, কস্টিক পটাশ

লোমনাশক ক্রিম (Hair Removal Cream) প্রস্তুতি:

উপকরণ : চিনি এক কাপ, মধু এক কাপ, লেবুর রস আধা কাপ

▶▶ গ্লাস ক্লিনার: জানালার গ্লাসে ও বিভিন্ন সামগ্রীর গ্লাসে ময়লা, গ্রিজ ও গুঁড়া কার্বনের কালি জমা হয়ে থাকে। তাই এসবের পরিষ্কার করার কাজে গ্লাস ক্লিনার দরকার হয়।

গ্লাস ক্লিনার প্রস্তুতির উপকরণ সমূহ:

১. 28% অ্যামোনিয়া দ্রবণ (গ্রিজের দ্রাবক)
২. সোডিয়াম লরাইল সালফেট (Surface- active)
৩. iso-প্রোপাইল অ্যালকোহল (বেশি উদ্বায়ী দ্রাবক)
৪. ইথিলিন গ্লাইকল (কম উদ্বায়ী দ্রাবক)
৫. টেট্রাসোডিয়াম পাইরোফসফেট (পানির ক্ষরতা নিবারক)
৬. পানি (ময়লা দ্রবীভূত ও ধুয়ে ফেলে)

▶▶ টয়লেট ক্লিনার: টয়লেট ক্লিনার প্রস্তুতির বেলায় তিনটি বিষয় চিন্তা করে উপাদান নির্দিষ্ট করা হয়। এ তিনটি বিষয় হলো Toilet bowl এর দাগ (stains), দুর্গন্ধ (bad odor) দূরীকরণ ও জীবাণু (germs) ধ্বংস করা।

টয়লেট ক্লিনার প্রস্তুতির উপকরণ সমূহ:

১. কস্টিক সোডা (NaOH): চর্বি বা গ্রিজের দ্রাবক
২. সোডিয়াম লরাইল সালফেট: Surfectant
৩. ক্যালসিয়াম হাইপো ক্লোরাইট [$Ca(ClO)_2$]: ব্লিচিং এজেন্ট জীবাণুনাশক
৪. ফেনল: দুর্গন্ধনাশক ও জীবাণুনাশক।

এক নজরে :

টয়লেট্রিজ/পারফিউমারি	উপাদান
মেহেদী	ল্যাসন (2-হাইড্রোক্সি - 1, 4 • ন্যাপথাকুইনোন)
ট্যালকম পাউডার	ট্যালক (হাইড্রেটেড ম্যাগনেসিয়াম সিলিকেট)
আফটার সেভ	ইথানল
ভ্যানিসিং ক্রিম	স্টিয়ারিক অ্যাসিড
লিপস্টিক	ওয়াক্স, চর্বি
সাবান	চর্বি, সোডিয়াম হাইড্রোক্সাইড
গ্লাস ক্লিনার	28% অ্যামোনিয়া দ্রবণ
টয়লেট ক্লিনার	কস্টিক সোডা, ফেনল, সোডিয়াম লরাইল সালফেট

▶▶ গ্লাস ক্লিনারে কস্টিক সোডা ব্যবহার না করে অ্যামোনিয়া ব্যবহারের কারণ:

সবল ক্ষার যেমন কস্টিক সোডা (NaOH) ও কস্টিক পটাশ (KOH) দ্রবণ গ্লাসের সংস্পর্শে গ্লাসের উপাদান সিলিকেটের সাথে বিক্রিয়া করে পানিতে দ্রবণীয় সোডিয়াম সিলিকেট বা পটাশিয়াম সিলিকেট উৎপন্ন করে। এর ফলে গ্লাসে দাগ সৃষ্টি হয়। তাই গ্লাস ক্লিনারে গ্রিজের উপাদানরূপে ঐ সব ক্ষার দ্রবণ ব্যবহার করা হয় না। এর কারণে গ্লাস ক্লিনারে গ্রিজের দ্রাবকরূপে অ্যামোনিয়া ক্ষার দ্রবণ ব্যবহার করা হয়।

Part 2 কৃষি/গুচ্ছভুক্ত বিশ্ববিদ্যালয়ের বিগত বছরের ব্যাখ্যাসহ প্রশ্নোত্তর

বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়

01. খাদ্যদ্রব্য পচনে অন্যতম সহায়ক কোনটি? [BAU : 18-19]
Ⓐ SO_2 Ⓑ N_2O Ⓒ NO_2 Ⓓ O_2 Ans Ⓓ

02. কোনটি নিরাপদ খাদ্য সংরক্ষক হিসেবে ব্যবহার করা যায়? [BAU : 18-19]
Ⓐ সোডিয়াম বেনজয়েট Ⓑ সোডিয়াম নাইট্রাইট
Ⓒ ক্যালসিয়াম প্রপানয়েট Ⓓ ক্যালসিয়াম কার্বাইড
Ans Ⓐ Solve নিরাপদ খাদ্য সংরক্ষকরূপে সোডিয়াম বেনজোয়েট ব্যবহারের সর্বাধিক মাত্রা হলো 0.1%।

03. ভ্যানিশিং ক্রিমের প্রধান উপকরণ কোনটি? [BAU : 18-19]
Ⓐ সরবিটল Ⓑ পারফিউম Ⓒ স্টিয়ারিক অ্যাসিড Ⓓ কস্টিক পটাশ
Ans Ⓒ Solve ভ্যানিশিং ক্রিমে প্রধান উপাদান হিসেবে স্টিয়ারিক অ্যাসিড ব্যবহার করা হয়। ভ্যানিশিং ক্রিম হলো পানিতে তেলের ইমালশন।

04. কোনটি প্রাকৃতিক খাদ্য সংরক্ষক হিসেবে কাজ করে? [BAU : 16-17]
Ⓐ ফরমালিন Ⓑ সালফার ডাই অক্সাইড
Ⓒ সোডিয়াম ক্লোরাইড Ⓓ সোডিয়াম নাইট্রেট
Ans Ⓒ Solve প্রাকৃতিক প্রিজারভেটিভ গুলো হল: তেল, লবন (NaCl), হলুদ, রসুন, লবঙ্গ ইত্যাদি।

05. কোনটি কোল্ডক্রিমে লুব্রিকেটিং এজেন্ট হিসেবে ব্যবহৃত হয়? [BAU : 16-17]
Ⓐ গ্লিসারিন Ⓑ তরল প্যারাফিন Ⓒ প্রোপাইল প্যারাফিন Ⓓ মোম
Ans Ⓑ Solve কোল্ড ক্রিম:
i) লুব্রিকেটিং → তরল প্যারাফিন তৈল
ii) হার্ডেনিং → শক্ত প্যারাফিন তৈল
iii) গাঢ়কারী → মোম
iv) ইমোলিয়েন্ট → গ্লিসারিন
v) তরলীকারক → পানি
vi) প্রিজারভেটিভ → প্রপাইল প্যারাফিন

06. প্রাকৃতিক পচন রোধকের মধ্যে কোনটি অ্যান্টি অক্সিডেন্ট? [BAU : 16-17]
Ⓐ খাদ্য লবণ Ⓑ সরিষার তেল
Ⓒ হলুদ Ⓓ চিনি Ans Ⓒ

07. সুক্রোজ → গ্লুকোজ + ফ্রুক্টোজ- এই বিক্রিয়া সাধনে কোন এনজাইম প্রভাবক হিসেবে কাজ করে? [BAU : 09-10;06-07;04-05;00-01]
Ⓐ জাইমেজ Ⓑ ইনভার্টেজ Ⓒ ডায়াস্টেজ Ⓓ মল্টোজ Ans Ⓑ

08. ডিটারজেন্ট সম্বন্ধে কোন বর্ণনাটি সঠিক নয়? [BAU : 07-08]
Ⓐ সাবানের চেয়ে এটির দাম বেশি
Ⓑ খর ও মৃদু উভয় পানিতে ইহা সমভাবে কার্যকর
Ⓒ সাবানের চেয়ে এর ব্যবহার ক্ষেত্র অধিক প্রশস্ত
Ⓓ সাবানের চেয়ে এটি অধিক শক্তিশালী পরিষ্কারক পদার্থ
Ans Ⓐ Solve ডিটারজেন্ট এর বৈশিষ্ট্য ঃ
i. খর ও মৃদু উভয় পানিতে এরা সমভাবে কার্যকর।
ii. সাবানের চেয়ে এর ব্যবহার ক্ষেত্র অধিক প্রশস্ত।
iii. সাবানের চেয়ে এটি অধিক শক্তিশালী পরিষ্কারক।
iv. পানিতে সাবানের তুলনায় অধিক দ্রবণীয়।

10. গ্লুকোজ অ্যালকোহলে পরিণত হয় কোন এনজাইম দ্বারা? [BAU : 06-07]
Ⓐ ডায়াস্টেজ Ⓑ ম্যালটেজ Ⓒ ইউরিয়েম Ⓓ জাইমেজ
Ans Ⓓ Solve জাইমেজ এনজাইমের উপস্থিতিতে গ্লুকোজ অ্যালকোহলে পরিণত হয়। $C_6H_{12}O_6 \xrightarrow{\text{জাইমেজ}} CH_3 - CH_2 - OH$

11. সমসত্ত্ব মিশ্রণের কণার আকার কত হলে একে কলয়ডাল সিস্টেম বলে? [BAU : 05-06]
Ⓐ 10^{-7} সে.মি, -10^{-4} সে.মি. Ⓑ 10^{-9} সে.মি.
Ⓒ 10^{-8} সে.মি. Ⓓ 10^{-5} সে.মি, -10^{-2} সে.মি.
Ans Ⓐ Solve সমসত্ত্ব মিশ্রণে কণার আকার 10^{-7}cm – 10^{-4} cm হলে একে কলয়ডাল সিস্টেম বলে।

13. দুধ হচ্ছে মূলতঃ একটি- [BAU : 03-04]
Ⓐ কোর্স সাসপেনসন Ⓑ অবদ্রব বা ইমালসন
Ⓒ সাধারণ দ্রবণ Ⓓ জেল তথা ঘন কোলডীয় দ্রবণ
Ans Ⓑ Solve দুধ হচ্ছে অবদ্রব্য বা ইমালসন।

14. গ্লুকোজ ফার্মেন্টেশনের সময় ইস্ট নিঃসৃত এনজাইম কোন ধরনের প্রভাবক হিসেবে কাজ করে? [BAU : 02-03]
Ⓐ ধনাত্মক প্রভাবক Ⓑ ঋণাত্মক প্রভাবক
Ⓒ আবিষ্ট প্রভাবক Ⓓ অর্থো প্রভাবক Ans Ⓐ

15. দুধে পানি ও চর্বির অনুপাত মোটামুটি নিম্নরূপ- [BAU : 02-03]
Ⓐ 95:10 Ⓑ 85:15 Ⓒ 80:20 Ⓓ 75:25
Ans Ⓑ Solve দুধে পানির পরিমাণ = 82 - 88%
দুধে চর্বির পরিমাণ = 3.5 - 7.2%

16. দ্রবণে দ্রবীভূত বস্তু দ্রব্যের অনুর ব্যাস হচ্ছে- [BAU : 02-03]
Ⓐ 10^{-8} থেকে 10^{-7} সেমি Ⓑ 10^{-5} থেকে 10^{-4} সেমি
Ⓒ 10^{-6} থেকে 10^{-5} সেমি Ⓓ 10^{-9} থেকে 10^{-8} সেমি Ans Ⓐ

17. কোন এনজাইমের প্রভাবে গাঁজন প্রক্রিয়ায় ইথাইল অ্যালকোহল তৈরী করা হয়? [BAU : 01-02]
Ⓐ ম্যালটেজ Ⓑ জাইমেজ Ⓒ ইনভারটেজ Ⓓ কোনোটিই নয়
Ans Ⓑ Solve জাইমেজ ইস্ট হতে নিঃসৃত এনজাইম।

18. কোন এনজাইমের প্রভাবে চিনি আর্দ্র-বিশ্লেষিত হয় সমপরিমাণ গ্লুকোজ ও ফ্রুক্টোজে পরিণত হয়? [BAU : 00-01]
Ⓐ জাইমেজ Ⓑ ইনভারটেজ Ⓒ ডায়াস্টেজ Ⓓ ম্যালটেস
Ans Ⓑ Solve

কতিপয় এনজাইমের বিবরণ:
- সেলুলোজ $\xrightarrow{\text{সেলুলেজ}}$ গ্লুকোজ ও অন্যান্য স্যাকারাইড
- স্টার্চ, ডেক্সট্রিন $\xrightarrow{\text{অ্যামাইলেজ}}$ মল্টোজ (গ্লুকোজ + গ্লুকোজ)
- সুক্রোজ $\xrightarrow{\text{ইনভারটেজ}}$ গ্লুকোজ + ফ্রুক্টোজ
- ল্যাকটোজ $\xrightarrow{\text{ল্যাকটেজ}}$ গ্লুকোজ + গ্যালাকটোজ
- মল্টোজ $\xrightarrow{\text{মল্টেজ}}$ গ্লুকোজ + গ্লুকোজ
- ইনুলিন $\xrightarrow{\text{ইনুলিনেজ}}$ ফ্রুক্টোজ + ফ্রুক্টোজ
- প্রোটিন $\xrightarrow{\text{পেপসিন}}$ অ্যামাইনো এসিড
- তেল ও চর্বি $\xrightarrow{\text{লাইপেজ}}$ ফ্যাটি এসিড + গ্লিসারিন

শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়

01. দুধের প্রোটিনের নাম-[SAU: 18-19;09-10]
Ⓐ ক্যাজিন Ⓑ এলবুমিন Ⓒ কোলাজেন Ⓓ কেরাটিন
Ans Ⓐ Solve দুধে বিভিন্ন শ্রেনীর প্রোটিন থাকে। তবে ক্যাজিন হলো দুধের প্রধান প্রোটিন।

02. চিনিকে গাজন করলে উৎপাদিত দ্রব্যগুলো হবে -[SAU: 16-17]
Ⓐ $C_2H_5OH + H_2O$ Ⓑ $C_2H_5OH + O_2$
Ⓒ $C_2H_5OH + CO_2$ Ⓓ $CO_2 + H_2O$ Ans Ⓒ

03. কোনটি গ্লাস ক্লিনারের উপাদান? [SAU: 15-16]
Ⓐ HCl Ⓑ NaOH
Ⓒ আইসোপ্রোপাইল অ্যালকোহল Ⓓ ক্লোরোফরম Ans Ⓒ

05. খাদ্য সংরক্ষণে নিচের কোনটি ব্যবহার করা যায়-[SAU: 07-08]

Ⓐ ফেনল Ⓑ বেনজয়িক এসিড
Ⓒ বেনজালডিহাইড Ⓓ ট্রাইনাইট্রো বেনজিন

Ans B Solve ফেনল গাছ ও উদ্ভিদ সংরক্ষণে, বেনজালডিহাইড খাদ্যবস্তু সুস্বাদু করণে এবং বেনজোয়িক এসিড খাদ্যবস্তুর সংরক্ষণে ব্যবহৃত হয়।

06. প্রাণী দেহে প্রোটিন যৌগে N_2 এর পরিমাণ কত? [SAU: 07-08]

Ⓐ 28% Ⓑ 14% Ⓒ 12% Ⓓ 16% Ans D

07. দুধে কোন ডাইস্যাকারাইড থাকে? [SAU: 04-05]

Ⓐ সুক্রোজ Ⓑ ল্যাক্টোজ Ⓒ মাল্টোজ Ⓓ সেলুলোজ

Ans B Solve দুধে ল্যাক্টোজ নামক ডাই স্যাকারাইড থাকে। ল্যাক্টোজ হচ্ছে গ্লুকোজ ও গ্যালাক্টোজ মনোস্যাকারাইড দুটির সমন্বয়ে গঠিত।

08. ফলের রস জেলীতে পরিণত করতে কোন প্রভাবক প্রয়োজন? [SAU: 04-05]

Ⓐ জাইমেজ Ⓑ টেকটেজ Ⓒ ইনভারটেজ Ⓓ মল্টেজ Ans D

সিলেট কৃষি বিশ্ববিদ্যালয়

01. অ্যান্টি অক্সিডেন্টের কাজ কি? [Syl.AU: 17-18]

Ⓐ খাদ্যকে সতেজ রাখে Ⓑ খাদ্যকে জারিত হওয়া থেকে রক্ষা করে
Ⓒ খাদ্যের মিষ্টতা বৃদ্ধি করে Ⓓ ব্যাকটেরিয়ার বৃদ্ধি রোধ করে

Ans B Solve অ্যান্টি অক্সিডেন্ট, চর্বি বা লিপিড অনুর জারণ-বিজারনে অংশগ্রহনকারী O_2 অনু ও এদের সাথে যুক্ত মূলকে শোষণ করে। ফলে চর্বিযুক্ত খাদ্যবস্তুর পচন রোধ হয়।


02. ট্যালকম পাউডারের মূল উপাদান হল ট্যালক, অর্থ্যাৎ হাইড্রেটেড ম্যাগনেশিয়াম সিলিকেট। নিম্নের কোনটি ট্যালক এর রাসায়নিক সংকেত? [Syl.AU: 17-18]

Ⓐ $H_2Mg_3(SiO_3)_4$ Ⓑ $HMg_3(SiO_3)_4$
Ⓒ $H_2Mg_2(SiO)_4$ Ⓓ $MgO.4\ SiO_2$ Ans A

03. নিচের কোনটি BHT? [Syl.AU: 15-16]

Ⓐ $C_{11}H_{16}O_2$ Ⓑ $C_{10}H_{14}O_2$ Ⓒ $C_{15}H_{24}O$ Ⓓ $C_{10}H_{14}O$

Ans C Solve BHT বিউটাইলেটেড হাইড্রোক্সি টলুইন।



খুলনা কৃষি বিশ্ববিদ্যালয়

01. কোনটি টয়লেট ক্লিনারের মূল উপাদান? [KU-A : 19-20]

Ⓐ NaOH Ⓑ NH_4OH Ⓒ Ca(OCl)Cl Ⓓ KOH

Ans A Solve টয়লেট ক্লিনারের মূল উপাদান NaOH.। গ্লাস ক্লিনারের মূল উপাদান NH_4OH.

ঝিনাইদহ সরকারি ভেটেরিনারি কলেজ

01. দই একটি-[JGVC: 19-20]

Ⓐ সল Ⓑ জেল
Ⓒ ইমালসনকারক Ⓓ কোলয়েডীয় দ্রবণ

Ans B Solve জুতার কালি, দই, পনির, জেলি, পুডিং ইত্যাদি 'জেল' এর অন্তর্গত। 'জেল' আবার কলয়েডের এক প্রকার শ্রেণি।

02. খাদ্যবস্তু সংরক্ষণে শিল্পক্ষেত্রে সবচেয়ে বেশি ব্যবহৃত কিলেটিং এজেন্ট কোনটি? [JGVC: 19-20]

Ⓐ EDTA Ⓑ BHA Ⓒ BHT Ⓓ TBHQ

Ans A Solve BHA, BHT, TBHQ, PG- হল অ্যান্টিঅক্সিডেন্টস। EDTA, EDA, ফিনাইল হাইড্রাজিন, মগলেট, ফিউমারেট, সাইট্রেট, ইডিটেডস হলো Chelating agents.

03. অক্সিজেন শোষণকারী অ্যান্টি অক্সিডেন্ট কোনটি? [JGVC: 19-20]

Ⓐ ভিটামিন-এ Ⓑ ভিটামিন-বি
Ⓒ ভিটামিন-সি Ⓓ ভিটামিন-কে

Ans C Solve প্রাকৃতিক এন্টি অক্সিডেন্ট হিসেবে ভিটামিন C, ভিটামিন E, β-ক্যারোটিন এবং কৃত্রিম অ্যান্টিঅক্সিডেন্ট হিসেবে BHA, BHT, TBHQ ও PG ব্যবহৃত হয়।

04. আচার, চাটনি, সস প্রভৃতি সংরক্ষণে নিম্নের কোন এসিড ব্যবহার করা হয়? [JGVC: 19-20]

Ⓐ নাইট্রিক অ্যাসিড Ⓑ সাইট্রিক অ্যাসিড
Ⓒ প্রোপায়নিক অ্যাসিড Ⓓ অ্যাসিটিক অ্যাসিড Ans D

05. কোনটি কলয়েড? [JGVC: 18-19]

Ⓐ ফোম Ⓑ মোম
Ⓒ তরল অ্যামোনিয়া Ⓓ দুধ Ans D

06. আখের রস হতে মল্ট ভিনেগার তৈরিতে কোন অ্যাসিড ব্যবহৃত হয়? [JGVC: 18-19]

Ⓐ সালফিউরিক অ্যাসিড Ⓑ হাইড্রোক্লোরিক অ্যাসিড
Ⓒ নাইট্রিক অ্যাসিড Ⓓ সাইট্রিক অ্যাসিড Ans A

সিরাজগঞ্জ সরকারি ভেটেরিনারি কলেজ

01. দুধের প্রোটিন কোনটি? [SGVC: 19-20]

Ⓐ ক্যারোটিন Ⓑ লিপিড Ⓒ ক্যাসিন Ⓓ প্যারাবুমিন

Ans C Solve দুধের প্রোটিন ক্যাসিন এবং দুধের চিনি ল্যাক্টোজ

বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের কৃষি অনুষদ

01. নিম্নের কোনটি ফুড প্রিজারভেটিভ হিসেবে ব্যবহৃত হয় না? [CVASU: 17-18]

Ⓐ ইথানল Ⓑ মিথানল
Ⓒ সাইট্রিক অ্যাসিড Ⓓ সরবিক অ্যাসিড

Ans B Solve মিথানল (CH_3–OH) একটি বিষাক্ত রাসায়নিক পদার্থ।

01. কোন দ্রবণে কণার আকৃতি সর্বাপেক্ষা ক্ষুদ্র-[CVASU: 17-18]

Ⓐ প্রকৃত দ্রবণ Ⓑ কলয়েড দ্রবণ
Ⓒ সাসপেনশন Ⓓ ইমালসন

Ans A Solve

দ্রবণ	কণার আকার
প্রকৃত দ্রবণ	0.1-2nm
কোলয়েড	2–100 nm
সাপেনশন	> 500 nm

03. কিউরিং হচ্ছে-[CVASU: 16-17]

Ⓐ খাবারকে কৌটাজাতকরণের প্রক্রিয়া
Ⓑ খাবারকে বাছাই করার প্রক্রিয়া
Ⓒ খাবারকে খোসা ছাড়ানোর প্রক্রিয়া
Ⓓ খাবারকে লবণ দ্বারা সংরক্ষণের প্রক্রিয়া Ans D

04. মাতৃদুগ্ধের pH সীমা হচ্ছে-[CVASU: 15-16]

Ⓐ 4.8-7.5 Ⓑ 6.4-6.7
Ⓒ 6.6-6.9 Ⓓ 7.1-7.8 Ans C

05. নিম্নের কোন যৌগটি অনুমোদিত ফুড প্রিজারভেটিভ হিসাবে ব্যবহৃত হয়- [CVASU: 15-16]

Ⓐ ফরমালিন Ⓑ সোডিয়াম কার্বোনেট
Ⓒ সোডিয়াম বেনজয়েট Ⓓ সোডিয়াম স্টিয়ারেট

Ans C Solve অনুমোদিত ফুড প্রিজারভেটিভসমূহ হলো: সোডিয়াম বেনজোয়েট, বেনজোয়িক এসিড, অ্যাসিটিক এসিড, ক্যালসিয়াম প্রোপানয়েট, সাইট্রিক এসিড, পটাসিয়াম মেটাবাইসালফাইট, নাইট্রেট ও নাইট্রাইট লবণ ইত্যাদি।

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS

Part 3 SELF TEST

01. কোন ভিটামিন পানিতে দ্রবণীয়?
Ⓐ ভিটামিন A Ⓑ ভিটামিন D
Ⓒ ভিটামিন B কমপ্লেক্স Ⓓ ভিটামিন K

02. ফলিক অ্যাসিড কোনটি?
Ⓐ Vit-C Ⓑ Vit-B_1
Ⓒ Vit- B_2 Ⓓ Vit-B_{12}

03. ইরিথ্রিটল হলো–
Ⓐ An enzyme Ⓑ A non-calorie sweetener
Ⓒ An amino acid Ⓓ An anti-oxidant

04. তরল দুধ সংরক্ষণে কোন পদ্ধতি অবলম্বন করা হয়?
Ⓐ হিমায়ন Ⓑ কৌটাজাতকরণ
Ⓒ পাস্তুরাইজিং Ⓓ ভিনেগার ব্যবহার

05. লেবুর মধ্যে নিচের কোন এসিড পাওয়া যায়?
Ⓐ এসিটিক অ্যাসিড Ⓑ সাইট্রিক অ্যাসিড
Ⓒ ফরমিক অ্যাসিড Ⓓ বেনজয়িক অ্যাসিড

06. সুক্রোজ → গ্লুকোজ + ফ্রুক্টোজ- এই বিক্রিয়া সাধনে কোন এনজাইম প্রভাবক হিসেবে কাজ করে?
Ⓐ জাইমেজ Ⓑ ইনভার্টেজ Ⓒ ডায়াস্টেজ Ⓓ মল্টোজ

07. কোনটি এন্টিব্যাকটেরিয়াল এজেন্ট নহে?
Ⓐ থায়েমিন Ⓑ সরবেট
Ⓒ জায়ামিন Ⓓ অ্যাসকরবিক অ্যাসিড

08. নিচের কোনটি অ্যান্টিমাইক্রোবিয়াল প্রিজারভেটিভ নয়?
Ⓐ সোডিয়াম বাই সালফাইড Ⓑ পটাশিয়াম বাইসালফাইড
Ⓒ সোডিয়াম নাইট্রাইট Ⓓ ফরমালিন

09. পাউরুটি সংরক্ষণে ব্যবহৃত Preservative–
Ⓐ প্রোপানোয়িক অ্যাসিড Ⓑ $(NH_4)_2SO_4$
Ⓒ $KBrO_2$ Ⓓ কোনোটিই নয়

10. ফলের জুস সংরক্ষণে সাধারণত ব্যবহৃত হয়–
Ⓐ $NaNO_3$ Ⓑ SO_2
Ⓒ TiO_2 Ⓓ $NaNO_2$

11. কোনটি সাসপেনশন এর উদাহরণ
Ⓐ দুধ Ⓑ NaCl এর দ্রবণ
Ⓒ বাটার Ⓓ রক্ত

12. কোলয়েড নয়–
Ⓐ দুধ Ⓑ জেলি Ⓒ রক্ত Ⓓ শ্যাম্পু

13. দুধ থেকে ছানা পাওয়ার প্রক্রিয়া হলো–
Ⓐ আর্দ্র বিশ্লেষণ Ⓑ ফারমেন্টেশন
Ⓒ কোয়াগুলেশন Ⓓ অক্সিডেশন

14. সোডিয়াম বেনজায়েট এর অ্যান্টিমাইক্রোবিয়াল কার্যকারিতা বেশি-
Ⓐ pH 4.5 এ Ⓑ pH 4.5 এর নিচে
Ⓒ pH 4.5 এর উপরে Ⓓ কোনোটিই নয়

15. নিচের কোন রাসায়নিক পদার্থটি প্রিজারভেটিভ হিসেবে ব্যবহারে নিষিদ্ধ আছে?
Ⓐ বেনজয়িক অ্যাসিড Ⓑ বেনজোয়েট লবণ
Ⓒ ভিনেগার Ⓓ নাইট্রিক অ্যাসিড

16. প্রাকৃতিক অ্যান্টিঅক্সিডেন্ট–
Ⓐ BHA Ⓑ ফরমালিন Ⓒ BHT Ⓓ সেলেনিয়াম

17. মাংস কৌটাজাতকরণে নিচের কোনটি ব্যবহৃত হয়?
Ⓐ 4% চিনির দ্রবণ Ⓑ 2% লবণের দ্রবণ
Ⓒ 10% লবণের দ্রবণ Ⓓ 8% চিনির দ্রবগ

18. রাসায়নিক সংযুক্তির দিক থেকে একই কোন যুগল?
Ⓐ দুধ ও মাখন Ⓑ মাখন ও ঘি
Ⓒ গ্লাস ক্লিনার ও টয়লেট ক্লিনার Ⓓ সাবান ও ডিটারজেন্ট

19. ফ্যাটি অ্যাসিডের গ্লিসারাইড হলো তেল-চর্বি। দুগ্ধজাত খাদ্য মাখন এ বিউটাইরিক অ্যাসিড উপস্থিত। $CH_3–CH_2–CH_2–COOH$ মাখন এ অ্যাসিডটি উপস্থিত কী হিসেবে?
Ⓐ অ্যাসিড রূপে Ⓑ এস্টার রূপে
Ⓒ অ্যাসিড অ্যানহাইড্রাইড হিসেবে Ⓓ অ্যাসিডের লবণ রূপে

20. দুধে নিচের কোনো আয়নসমূহের সেটটি অধিক পরিমাণে থাকে?
Ⓐ K^+, Ca^{2+}, Cl^- Ⓑ Ca^{2+}, Mg^{2+}, Fe^{3+}
Ⓒ K^+, Cu^{2+}, P^{3-} Ⓓ Na, K^+, Cl^-

21. টয়লেট ক্লিনার প্রস্তুতিতে ব্যবহৃত হয়-
Ⓐ উদ্ভিজ তেল Ⓑ লিকার অ্যামোনিয়া
Ⓒ মোম Ⓓ বেকিং সোডা

22. দুধে Emulsifier হলো-
Ⓐ চর্বি Ⓑ ল্যাকটোজ
Ⓒ গ্যালাকটোজ Ⓓ প্রোটিন

23. নিম্নের কোনটি প্রাকৃতিক খাদ্য সংরক্ষক?
Ⓐ সোডিয়াম ক্লোরেট Ⓑ সোডিয়াম বেনজয়েট
Ⓒ সোডিয়াম ক্লোরাইড Ⓓ প্রোপানয়েট

24. নিচের কোনটি প্রাকৃতিক অ্যান্টি-অক্সিডেন্ট?
Ⓐ ভিনেগার Ⓑ টকোফেরল
Ⓒ TBHQ Ⓓ BHT

25. $Mg(OH)_2$ এবং H_2O এর মিশ্রণকে কী বলা হয়?
Ⓐ সাসপেনশন Ⓑ কলয়েড
Ⓒ ইমালশান Ⓓ দ্রবণ

26. ট্যালকম পাউডারের প্রধান উপাদান কী?
Ⓐ ক্যালসিয়াম কার্বনেট Ⓑ বোরিক এসিড
Ⓒ ম্যাগনেসিয়াম সিলিকেট Ⓓ ম্যাগনেসিয়াম স্টিয়ারেট

27. তৈল ও চর্বিযুক্ত খাদ্য সংরক্ষণে কোনটি ব্যবহৃত হয়?
Ⓐ BHA Ⓑ EDTA
Ⓒ BTH Ⓓ BAH

28. কোনটি এন্টিমাইক্রোবিয়াল এজেন্ট?
Ⓐ $NaNO_3$ Ⓑ H_2SO_4
Ⓒ CH_3COOH Ⓓ C_2H_5OH

29. কিলেটিং এজেন্ট কোনটি?
Ⓐ EDTA Ⓑ BHT
Ⓒ সরবেট Ⓓ অ্যাসকরবিক অ্যাসিড

30. কোনটি ট্যালক?
Ⓐ ম্যাগনেসিয়াম সিলিকেট Ⓑ ম্যাগনেসিয়াম কার্বনেট
Ⓒ ম্যাগনেসিয়াম স্টিয়ারেট Ⓓ ম্যাগনেসিয়াম ফসফেট

OMR

01.ⒶⒷⒸⒹ	02.ⒶⒷⒸⒹ	03.ⒶⒷⒸⒹ	04.ⒶⒷⒸⒹ	05.ⒶⒷⒸⒹ
06.ⒶⒷⒸⒹ	07.ⒶⒷⒸⒹ	08.ⒶⒷⒸⒹ	09.ⒶⒷⒸⒹ	10.ⒶⒷⒸⒹ
11.ⒶⒷⒸⒹ	12.ⒶⒷⒸⒹ	13.ⒶⒷⒸⒹ	14.ⒶⒷⒸⒹ	15.ⒶⒷⒸⒹ
16.ⒶⒷⒸⒹ	17.ⒶⒷⒸⒹ	18.ⒶⒷⒸⒹ	19.ⒶⒷⒸⒹ	20.ⒶⒷⒸⒹ
21.ⒶⒷⒸⒹ	22.ⒶⒷⒸⒹ	23.ⒶⒷⒸⒹ	24.ⒶⒷⒸⒹ	25.ⒶⒷⒸⒹ
26.ⒶⒷⒸⒹ	27.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	29.ⒶⒷⒸⒹ	30.ⒶⒷⒸⒹ

Answer

30.A	29.A	28.A	27.A	26.C	25.A	24.B	23.C	22.D	21.D
20.A	19.C	18.B	17.B	16.D	15.D	14.B	13.C	12.C	11.D
10.B	09.A	08.D	07.D	06.B	05.B	04.C	03.B	02.D	01.C

JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS • JOYKOLY PUBLICATIONS